# প্রথম ভাগ ঃ সাধারণ জ্ঞাতব্য বিষয়

## আয়কর রিটার্ন কি?

আয়কর কর্তৃপক্ষের নিকট একজন করদাতার বার্ষিক আয়ের সংক্ষিপ্ত বিবরণ উপস্থাপন করার মাধ্যম হচ্ছে আয়কর রিটার্ন। আয়কর রিটার্ন ফরম এর কাঠামো আয়কর বিধি দ্বারা নির্দিষ্ট করা আছে। আয়কর আইন অনুযায়ী জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত ফরমে আয়কর রিটার্ন দাখিল করতে হয়।

## আয়কর রিটার্ন কারা দেবেন

কোন ব্যক্তি-করদাতার (individual) আয় যদি বছরে ২,৫০,০০০/- টাকার বেশি হয় তবে তাকে রিটার্ন দাখিল করতে হবে। মহিলা এবং ৬৫ বছর বা তদূর্ধ্ব বয়সের করদাতার আয় যদি বছরে ৩,০০,০০০/- টাকার বেশি, প্রতিবন্ধী করদাতার আয় যদি বছরে ৩,৭৫,০০০/- টাকার বেশি এবং গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতার আয় যদি বছরে ৪,২৫,০০০/- টাকার বেশি হয় তাহলে তাঁকে রিটার্ন দাখিল করতে হবে। তবে আয়ের পরিমাণ যা-ই হোক না কেন, নীচের তালিকা অনুযায়ী কতিপয় ব্যক্তির ক্ষেত্রে রিটার্ন দাখিল বাধ্যতামূলক ঃ

(১) আয় বছরে করযোগ্য আয় থাকলে;

(২) আয় বছরের পূর্ববর্তী তিন বছরের যে কোন বছর করযোগ্য আয় নিরূপিত হলে;

(৩) সিটি কর্পোরেশন অথবা বিভাগীয় ও জেলা শহরের পৌরসভায় বসবাসকারীগণঃ

ক) একটি গাড়ীর মালিক হলে;

খ) মূল্য সংযোজন কর আইনে নিবন্ধিত কোন ক্লাবের সদস্য হলে;

(৪) সিটি কর্পোরেশন, পৌরসভা অথবা ইউনিয়ন পরিষদে ব্যবসা পরিচালনার জন্য ট্রেড লাইসেন্স এবং ব্যাংক এ্যাকাউন্ট থাকলে;

(৫) ডাক্তার, দন্ত চিকিৎসক, আইনজীবী, আয়কর পেশাজীবী, চার্টার্ড এ্যাকাউন্টেন্ট, কস্ট এন্ড ম্যানেজমেন্ট এ্যাকাউন্টেন্ট, প্রকৌশলী, স্থপতি, সার্ভেয়ার অথবা সমজাতীয় পেশায় নিয়োজিত সকল ব্যক্তিবর্গ;

(৬) চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ অথবা কোন ট্রেড এসোসিয়েশনের সকল সদস্য;

(৭) পৌরসভা, সিটি কর্পোরেশন অথবা জাতীয় সংসদ নির্বাচনে সকল পদপ্রার্থী;

(৮) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত সংস্থা অথবা স্থানীয় কর্তৃপক্ষের ঠিকাদারী কাজের টেন্ডারে অংশগ্রহণকারী সকল ব্যাক্তি বা প্রতিষ্ঠান;

## রিটার্ন ফরম কোথায় পাওয়া যায়

সকল আয়কর অফিসে আয়কর রিটার্ন ফরম পাওয়া যায়। একজন করদাতা সারা বছর বিনামূল্যে আয়কর অফিস থেকে রিটার্ন ফরম সংগ্রহ করতে পারেন। জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইট www.nbr.gov.bd থেকেও রিটার্ন ফরম download করা যায়; এর ফটোকপিও গ্রহণযোগ্য।

## রিটার্ন দাখিলের সময়

কোম্পানী ব্যতীত অন্যান্য সকল শ্রেণীর করদাতার ক্ষেত্রে প্রতি বছর ১ জুলাই থেকে ৩০ সেপ্টেম্বর এই ৩ মাস সময়সীমার মধ্যে আয়কর রিটার্ন দাখিল করতে হয়। নির্ধারিত সময়ের মধ্যে রিটার্ন দাখিল করা সম্ভব না হলে একজন করদাতা রিটার্ন দাখিলের সময়সীমা বাড়ানোর জন্য উপযুক্ত কারণ উল্লেখ করে উপ কর কমিশনারের কাছে সময়ের আবেদন করতে পারেন। সময় মঞ্জুর হলে বর্ধিত সময়ের মধ্যে সাধারণ অথবা সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতির আওতায় রিটার্ন দাখিল করা সম্ভব।

## রিটার্ন কোথায় দাখিল করতে হবে

প্রত্যেক শ্রেণীর করদাতার রিটার্ন দাখিলের জন্য আয়কর সার্কেল নির্দিষ্ট করা আছে। যেমনঃ A, B এবং C অক্ষরগুলো দিয়ে ঢাকা সিভিল জেলায় অবস্থিত যে সকল বেসামরিক সরকারি কর্মকর্তা/কর্মচারী ও পেনশনভুক্ত কর্মকর্তা/কর্মচারীর নাম শুরু হয়েছে তাদেরকে কর অঞ্চল-৪, ঢাকা এর কর সার্কেল-৭১ এ রিটার্ন জমা দিতে হবে। পুরোনো করদাতারা তাদের বর্তমান সার্কেলে রিটার্ন জমা দেবেন। নতুন করদাতারা তাদের নাম, চাকুরীস্থল বা ব্যবসা প্রতিষ্ঠানের ঠিকানার ভিত্তিতে নির্ধারিত সার্কেলে ১২ সংখ্যার টিআইএন (e-TIN) উল্লেখ করে আয়কর রিটার্ন দাখিল করবেন। করদাতারা প্রয়োজনে কাছাকাছি আয়কর অফিস বা কর পরামর্শ কেন্দ্র থেকে আয়কর রিটার্ন দাখিল সংক্রান্ত সার্কেল অফিস সম্পর্কে জানতে পারবেন।

প্রতি বছর দেশের বিভিন্ন স্থানে অনুষ্ঠিত আয়কর মেলায় করদাতাগণ আয়কর রিটার্ন দাখিল করতে পারেন। রিটার্ন দাখিলের সময় করদাতা বিদেশে অবস্থান করলে বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসেও রিটার্ন দাখিল করা যায়।

## রিটার্ন দাখিল না করলে কি হয়

সময়মত আয়কর রিটার্ন দাখিল না করলে জরিমানা আরোপের বিধান আছে। এ বিধান অনুসারে আয়কর অধ্যাদেশের ৭৫ ধারানুসারে নির্ধারিত/বর্ধিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন দাখিলে ব্যর্থতাজনিত কারনে সর্বশেষ নিরুপিত আয়ের উপর প্রদেয় করের ১০% অথবা কমপক্ষে ১০০০/- টাকা এককালীন জরিমানা আরোপের এবং পরবর্তী প্রতি দিবসের জন্য ৫০/- টাকা হারে জরিমানা আরোপের বিধান আছে। অর্থ আইন, ২০১৫ এর মাধ্যমে কোন ব্যক্তি-করদাতার উপর আয়কর অধ্যাদেশের ১২৪ ধারায় আরোপযোগ্য জরিমানার সর্বোচ্চ পরিমাণ নির্ধারণ করা হয়েছে। এরূপ জরিমানার সর্বোচ্চ পরিমাণ হবে ইতোপূর্বে করারোপিত হয়েছেন এমন কোন পুরোনো ব্যক্তি-করদাতার ক্ষেত্রে তার সর্বশেষ নিরূপিত আয়ের উপর ধার্যকৃত করের ৫০% অথবা ১,০০০/- টাকা, দু'টির মধ্যে যেটি বেশি। অপরদিকে, কোন নতুন ব্যক্তি-করদাতার ক্ষেত্রে আরোপযোগ্য মোট জরিমানার পরিমাণ ৫,০০০/- টাকার বেশি হবে না।

## আয়কর রিটার্নের প্রকারভেদ

ব্যক্তি-করদাতা ও কোম্পানী করদাতাদের জন্য পৃথক পৃথক রিটার্ন ফরম চালু আছে। যথাঃ-

- ব্যক্তি শ্রেণীর করদাতার জন্য রিটার্ন ফরমঃ
  - আইটি-**১১**গ ঃ
    এ ফরম বাংলা ও ইংরেজী উভয় ভাষায় চালু আছে (পরিশিষ্ট-ক)। সকল ব্যক্তি শ্রেণীর করদাতা এ ফরমটি ব্যবহার করতে পারবেন।
  - আইটি-**১১**ঙ ঃ
    রিটার্ন ফরম (IT-11-UMA) কেবল বেতনভুক করদাতাদের জন্য প্রণয়ন করা হয়েছে (পরিশিষ্ট-গ)।
  - আইটি-**১১**চ **ঃ**

যে সকল ব্যক্তি-করদাতার ব্যবসা বা পেশাখাতে আয় রয়েছে এবং এরূপ আয়ের পরিমাণ ৩ লক্ষ টাকার বেশী নয় সে সকল করদাতার জন্য এই আয়কর রিটার্ন ফরম (IT-11CHA) প্রণয়ন করা হয়েছে (পরিশিষ্ট-ঘ)।

- স্পট এ্যাসেসমেন্ট এর আওতাধীন করদাতাদের জন্য ভিন্ন রিটার্ন ফরমঃ রিটার্ন ফরমটি (IT-11GAGA) কেবলমাত্র স্পট এ্যাসেসমেন্ট এর আওতাধীন ব্যবসা এবং ডাক্তার ও আইন পেশায় নিয়োজিত নতুন করদাতাদের জন্য প্রযোজ্য (পরিশিষ্ট-খ)। ব্যবসার ক্ষেত্রে যাদের ব্যবসার পুঁজি সর্বোচ্চ ১৫ লক্ষ টাকা এবং ডাক্তার বা আইনজীবী যারা অনধিক ১০ বছর তাদের পেশায় নিয়োজিত আছেন তারা দুই পৃষ্ঠার ফরমটি স্পট এ্যাসেসমেন্টের ক্ষেত্রে ব্যবহার করতে পারবেন;

- কোম্পানী করদাতার জন্য রিটার্ন ফরমঃ ইংরেজী ভাষায় এ ফরমটি (IT-11GHA) চালু আছে।

## রিটার্ন দাখিলের পদ্ধতি

বর্তমানে রিটার্ন দাখিলের জন্য দু'টি পদ্ধতি প্রচলিত আছে- সাধারণ পদ্ধতি ও সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতি। নীচে পদ্ধতি দু'টি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হলোঃ-

সাধারণ পদ্ধতিঃ

রিটার্নে সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতি উল্লেখ করা না হলে রিটার্নটি সাধারণ পদ্ধতির আওতায় দাখিলকৃত বলে গণ্য হবে। এক্ষেত্রে রিটার্নে প্রদর্শিত আয়ের সমর্থনে যথোপযুক্ত তথ্য ও প্রমাণাদি না থাকলে করদাতার শুনানী গ্রহণপূর্বক মামলা নিষ্পত্তির বিধান রয়েছে।

সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিঃ

করদাতা তার নিজের আয় নিজে নিরূপন করে প্রযোজ্য আয়কর পরিশোধ করবেন - এটি বিশ্বব্যাপী একটি জনপ্রিয় পদ্ধতি। এই পদ্ধতিতে করদাতার রিটার্ন দাখিলকালে বিনা প্রশ্নে আয়কর কর্তৃপক্ষ কর্তৃক রিটার্নটি গৃহীত হয়। রিটার্ন দাখিলের পর উপ কর কমিশনার বা তার দ্বারা ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা কর্তৃক করদাতাকে প্রদত্ত প্রাপ্তি স্বীকারপত্র কর নির্ধারণী আদেশ হিসেবে বিবেচিত হয়। করদাতা রিটার্ন ফরম পূরণ পর্যায়ে রিটার্নের প্রথম পৃষ্ঠায় সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতির ঘরে টিক প্রদান করলে কিংবা রিটার্নের উপরে সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতি উল্লেখ করলে দাখিলকৃত রিটার্নটি সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতির আওতায় গৃহীত হবে। অর্থ আইন, ২০১৫ এর মাধ্যমে

82BB ধারায় আনীত সংশোধনী অনুযায়ী সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে দাখিলকৃত রিটার্ন সংশ্লিষ্ট উপ কর কমিশনার কয়েকটি নির্দিষ্ট ক্ষেত্রে ত্রুটি-বিচ্যুতি চিহ্নিতকরণ ও এর কারণে কম কর পরিশোধ করা হলে তা আদায়ের লক্ষ্যে রিটার্নটি process করবেন। এছাড়া জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্ধারিত criterion এর ভিত্তিতে সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে দাখিলকৃত রিটার্নের ক্ষেত্রে পরবর্তীতে অডিট কার্যক্রম পরিচালিত হয়ে থাকে।

পূর্ববর্তী কর বছরের আইনের ধারাবাহিকতায় ২০১৫-২০১৬ কর বছরেও সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে দাখিলকৃত রিটার্ণসমূহের মধ্যে যে সকল রিটার্ন পূর্ববর্তী কর বছরের নিরূপিত আয়ের কমপক্ষে ২০% আয় বৃদ্ধি করে এবং নিম্নোক্ত শর্তসমূহ পূরণ করে দাখিল করবে কর বিভাগ সে সকল রিটার্ন অডিট কার্যক্রম বহির্ভূত রাখবে:

**পালনীয় শর্তসমূহঃ**

ক. রিটার্নের ভিত্তিতে ফেরতযোগ্য কর সৃষ্টি হবে না।

খ. কোনরূপ দান গ্রহণ প্রদর্শন করা যাবে না।

গ. রিটার্নে করমুক্ত আয় প্রদর্শন করলে করমুক্ত আয়ের সমর্থনে যাচাইযোগ্য দালিলিক প্রমাণাদি রিটার্নের সাথে দাখিল করতে হবে।

ঘ. আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৪৪ ধারা অনুযায়ী জারীকৃত প্রজ্ঞাপন অনুসারে হ্রাসকৃত হারে আয়কর প্রযোজ্য হয় এরূপ কোন আয় প্রদর্শন করা যাবে না।

ঙ. ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান অথবা অন্য যেকোন উৎস থেকে ৫ লক্ষ টাকার অধিক ঋণ গ্রহন প্রদর্শন করা হলে দাখিলকৃত রিটার্নের সাথে গৃহীত ঋণ সংক্রান্ত সংশ্লিষ্ট ব্যাংক বিবরণী বা হিসাব বিবরণী দাখিল করতে হবে।

পূর্ববর্তী বছরের মত এ বছরও আয়কর অধ্যাদেশের ৮২বিবি ধারায় সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতিতে দাখিলকৃত নতুন রিটার্নে ব্যবসা ও পেশা খাতে প্রদর্শিত আয়ের ৪ গুন হারে প্রারম্ভিক পুঁজি নেয়া যাবে। তবে এ পুঁজি বিনিয়োগ সংশ্লিষ্ট আয় বছরে বা আয় বছর শেষ হওয়ার পরবর্তী ৫ বছরের মধ্যে ব্যবসা বা পেশা থেকে স্থানান্তর করা যাবে না। করলে যে বছর স্থানান্তর করা হবে, সে বছরের সংশ্লিষ্ট করবছরে অর্থ স্থানান্তরকারীর "অন্যান্য উৎসের আয়" হিসেবে বিবেচিত হবে।

উল্লেখ্য যে, নিরীক্ষার আওতায় না পড়লেও কোন রিটার্নে আয় গোপন করা হলে বা কর ফাঁকি থাকলে, সংশ্লিষ্ট করবছরের রিটার্নের ক্ষেত্রে অধ্যাদেশের ৯৩ ধারা অনুযায়ী প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে। একই সাথে উক্ত রিটার্ন process করা যাবে।

**টিআইএন সনদের অথবা আয়কর রিটার্নের প্রাপ্তি স্বীকার পত্রের পাশাপাশি Computer System এর মাধ্যমে প্রদত্ত Computer Generated সার্টিফিকেট বিবেচনার বিধান [section 184A]**

আয়কর অধ্যাদেশের বিদ্যমান বিধানে কতিপয় ক্ষেত্রে করদাতা সনাক্তকরণ নম্বর (ই-টিআইএন) সনদ দাখিলের বাধ্যবাধকতা রয়েছে। অর্থ আইন, ২০১৪ এর মাধ্যমে সংশোধনী আনয়ন করে নির্ধারিত ক্ষেত্রসমূহে টিআইএন সনদ অথবা সর্বশেষ করবছরের আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকার পত্রের পাশাপাশি computer system এর মাধ্যমে প্রদত্ত computer generated সার্টিফিকেটও নির্ধারিত এ সকল ক্ষেত্রে দাখিল করার বিধান বহাল রাখা হয়েছে। অর্থাৎ টিআইএন সনদের পরিবর্তে প্রাপ্তি স্বীকার পত্র অথবা computer generated সার্টিফিকেট দাখিলের মাধ্যমেও আইনগত বাধ্যবাধকতা পূরণ করা যাবে। তবে পুরাতন করদাতাদের ক্ষেত্রে টিআইএন এবং কর নির্ধারণ সম্পন্ন সম্পর্কিত তথ্যাদিসহ সার্টিফিকেট সংশ্লিষ্ট উপ কর কমিশনারের নিকট হতে গ্রহণ করতে হবে।

## রিটার্নের সাথে যে সকল প্রমাণাদি/বিবরণ দাখিল করতে হবে

বিভিন্ন উৎসের আয়ের সপক্ষে যে সকল প্রমাণাদি/বিবরণ দাখিল করতে হবে আয়ের খাতওয়ারী সেরকম একটি তালিকা নীচে দেয়া হলোঃ

**বেতন খাতঃ**

(ক) বেতন বিবরণী;

(খ) ব্যাংক এ্যাকাউন্ট থাকলে কিংবা ব্যাংক সুদ খাতে আয় থাকলে ব্যাংক বিবরণী বা ব্যাংক সার্টিফিকেট;

(গ) বিনিয়োগ ভাতা দাবী থাকলে তার সপক্ষে প্রমাণাদি। যেমন, জীবন বীমার পলিসি থাকলে প্রিমিয়াম পরিশোধের প্রমাণ;

**নিরাপত্তা জামানতের সুদ খাতঃ**

(ক) বন্ড বা ডিবেঞ্চার যে বছরে কেনা হয় সে বন্ড বা ডিবেঞ্চারের ফটোকপি;

(খ) সুদ আয় থাকলে সুদ প্রদানকারী কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র;

(গ) প্রাতিষ্ঠানিক ঋণ নিয়ে বন্ড বা ডিবেঞ্চার কেনা হয়ে থাকলে ঋণের সুদের সমর্থনে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষের সার্টিফিকেট/ব্যাংক বিবরণী বা প্রাতিষ্ঠানিক প্রত্যয়নপত্র;

**গৃহ-সম্পত্তি খাতঃ**

(ক) বাড়ী ভাড়ার সমর্থনে ভাড়ার চুক্তিনামা বা ভাড়ার রশিদের কপি, মাসভিত্তিক বাড়ী ভাড়া প্রাপ্তির বিবরণ এবং প্রাপ্ত বাড়ী ভাড়া জমা সংশ্লিষ্ট ব্যাংক হিসাব বিবরণী;

(খ) পৌর কর, সিটি কর্পোরেশন কর, ভূমি রাজস্ব প্রদানের সমর্থনে রশিদের কপি;

(গ) ব্যাংক ঋণের মাধ্যমে বাড়ী কেনা বা নির্মাণ করা হয়ে থাকলে ঋণের সুদের সমর্থনে ব্যাংক বিবরণী ও সার্টিফিকেট;

(ঘ) গৃহ-সম্পত্তি বীমাকৃত হলে বীমার প্রিমিয়ামের রশিদের কপি।

**ব্যবসা বা পেশা খাতঃ**

ব্যবসা বা পেশার আয়-ব্যয়ের বিবরণী (Income statement) ও স্থিতিপত্র (Balance Sheet).

**অংশীদারী ফার্মের আয়ঃ**

ফার্মের আয়-ব্যয়ের বিবরণী (Income statement) ও স্থিতিপত্র (Balance Sheet).

**মূলধনী মুনাফাঃ**

(ক) স্থাবর সম্পত্তি বিক্রয় হলে তার দলিলের কপি;

(খ) উৎসে আয়কর জমা হলে তার চালান/পে-অর্ডারের ফটোকপি;

(গ) পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানীর শেয়ার লেনদেন থেকে মুনাফা হলে এ সংক্রান্ত প্রত্যয়নপত্র;

**অন্যান্য উৎসের আয়ের খাতঃ**

(ক) নগদ লভ্যাংশ খাতে আয় থাকলে ব্যাংক বিবরণী, ডিভিডেন্ড ওয়ারেন্টের কপি বা সার্টিফিকেট;

(খ) সঞ্চয়পত্র হতে সুদ আয় থাকলে সঞ্চয়পত্র নগদায়নের সময় বা সুদ প্রাপ্তির সময় নেয়া সার্টিফিকেটের কপি;

(গ) ব্যাংক সুদ আয় থাকলে ব্যাংক বিবরণী/সার্টিফিকেট;

(ঘ) অন্য যে কোন আয়ের উৎসের জন্য প্রাসঙ্গিক কাগজপত্র;

**আয়কর পরিশোধ (উৎসে কর কর্তনসহ)ঃ**

(ক) কর পরিশোধের সমর্থনে চালানের কপি, পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/একাউন্ট-পেয়ী চেকের কপি;

১০ হাজার টাকা পর্যন্ত আয়কর ট্রেজারী চালানের মাধ্যমে পরিশোধ করা যায়। এর উর্ধ্বে আয়কর পরিশোধের ক্ষেত্রে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/একাউন্ট- পেয়ী চেক ব্যবহার করতে হবে। তবে যে কোন অংকের কর পে-অর্ডারের মাধ্যমে পরিশোধ করা যাবে।

(খ) যে কোন খাতের আয় হতে উৎসে আয়কর পরিশোধ করা হলে কর কর্তনকারী কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র।

## রিটার্ন ফরম পূরণে জ্ঞাতব্য বিষয়

নতুন করদাতা হলে তার পাসপোর্ট সাইজের এক কপি ছবি রিটার্নের সাথে দিতে হবে। করদাতা রিটার্ন দাখিলের পূর্বে নিজেই জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটের মাধ্যমে ইলেক্ট্রনিক পদ্ধতিতে আবেদন করে ১২ ডিজিটের টিআইএন (ই-টিআইএন) সংগ্রহ করতে পারেন (ওয়েব সাইটের ঠিকানাঃ www.incometax.gov.bd)। যদি করদাতা নিজে ইলেক্ট্রনিক পদ্ধতিতে অনলাইনে আবেদন করে ই-টিআইএন সংগ্রহে আগ্রহী না হন তাহলে তাকে আয়কর রিটার্ন দাখিলের পূর্বে সংশ্লিষ্ট উপ কর কমিশনারের কার্যালয় বা কর তথ্য ও সেবা কেন্দ্রে গিয়ে ই-টিআইএন সনদ সংগ্রহ করতে হবে।

- ছবিটি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা ওয়ার্ড কমিশনার অথবা যে কোন টিআইএনধারী করদাতা কর্তৃক সত্যায়িত হতে হবে।
- প্রতি পাঁচ বছর পর পর করদাতাকে তার সত্যায়িত ছবি রিটার্নের সাথে দিতে হবে।
- আয়কর আইনে বর্তমানে দু'টি পদ্ধতিতে রিটার্ন দাখিল করা যায়। একটি হচ্ছে সার্বজনীন স্বনির্ধারণী পদ্ধতি এবং অপরটি সাধারণ পদ্ধতি। করদাতা যে পদ্ধতির আওতায় রিটার্নটি দাখিল করতে চান সংশ্লিষ্ট সে ঘরে টিক (√) চিহ্ন দিবেন।

## প্রতিপাদন

শূন্য স্থানে (dotted space) করদাতা তার নিজের পূর্ণ নাম, পিতা বা স্বামীর পূর্ণ নাম, ই-টিআইএন উল্লেখ করে রিটার্নে প্রদর্শিত আয়ের সত্যতা সম্পর্কে প্রতিপাদন প্রদান করবেন।

**কর বছর (assessment year) বলতে কি বুঝায় ?**

- করদাতা যে বছরে আয় করেন তার পরের অর্থ বছর হলো কর বছর (assessment year)। যেমন, ১ জুলাই ২০১৪ থেকে ৩০ জুন ২০১৫ পর্যন্ত সময়ে করদাতা যে আয় করেন তার কর বছর হবে ২০১৫-২০১৬। আবার পঞ্জিকা বছর অনুযায়ী অর্থাৎ ১ জানুয়ারী ২০১৪ থেকে ৩১ ডিসেম্বর ২০১৪ পর্যন্ত কোন করদাতা হিসাবের খাতা রাখলে তারও কর বছর হবে ২০১৫-২০১৬। যদি বাংলা বছর অনুযায়ী হিসাবের খাতাপত্র রাখেন অর্থাৎ তার আয় বছর যদি ১৩ এপ্রিল, ২০১৫ তারিখে শেষ হয় তাহলেও করবছর হবে ২০১৫-২০১৬।

নিবাসী/অনিবাসী কিভাবে নির্ধারিত হয় ?

- করদাতা যদি একটি আয় বছরে (income year) একটানা বা অনিয়মিতভাবে একত্রে ১৮২ দিন বা অধিককাল বাংলাদেশে থাকেন, তাহলে তিনি 'নিবাসী' ঘরে টিক (√) চিহ্ন দেবেন; তা নাহলে 'অনিবাসী' ঘরে টিক (√) চিহ্ন দিতে হবে। তবে কোন ব্যক্তি যদি আয় বছরে একটানা বা অনিয়মিতভাবে কমপক্ষে ৯০ দিন বাংলাদেশে অবস্থান করেন এবং এর পূর্ববর্তী ৪ বছরে একটানা বা অনিয়মিতভাবে সর্বমোট কমপক্ষে ৩৬৫ দিন বাংলাদেশে অবস্থান করেন তাহলেও তিনি নিবাসী হিসেবে গণ্য হবেন। বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনের সকল কর্মকর্তা ও কর্মচারী কিংবা বিদেশে কর্মরত সকল সরকারি কর্মকর্তা/কর্মচারী নিবাসী হিসেবে রিটার্ন দাখিল করবেন।

## দ্বিতীয় ভাগ ঃ ব্যক্তি শ্রেণীর বিভিন্ন প্রকার রিটার্ন ফরমের সংক্ষিপ্ত বিবরণ

সকল ব্যক্তি শ্রেণীর করদাতাদের জন্য প্রচলিত রিটার্ন ফরম (আইটি-১১গ)ঃ

এ ফরম বাংলা ও ইংরেজী উভয় ভাষায় চালু আছে (পরিশিষ্ট-ক)। সকল ব্যক্তি শ্রেণীর করদাতা এ ফরমটি ব্যবহার করতে পারবেন। এই রিটার্নটি আট পৃষ্ঠা বিশিষ্ট যার প্রথম পৃষ্ঠায় করদাতার পরিচিতিমূলক তথ্য, দ্বিতীয় পৃষ্ঠায় করদাতার বিভিন্ন খাতের আয়ের বিবরণ, প্রদেয় ও পরিশোধিত আয়করের বিবরণ ও প্রতিপাদন, তৃতীয় পৃষ্ঠায় বেতন ও গৃহ-সম্পত্তি আয়ের বিস্তারিত বিবরণ সম্বলিত পৃথক দু'টি তফসিল, চতুর্থ পৃষ্ঠায় বিনিয়োগজনিত কর রেয়াতের একটি তফসিল ও দাখিলকৃত প্রমাণাদির তালিকা লিপিবদ্ধ করার ছক রয়েছে। রিটার্নের পঞ্চম ও ষষ্ঠ পৃষ্ঠায় করদাতার সম্পদ, দায় ও ব্যয় বিবরণী, সপ্তম পৃষ্ঠায় জীবনযাত্রার মান সম্পর্কিত তথ্যের বিবরণী এবং শেষ

পৃষ্ঠায় রিটার্ন ফরম পূরণের অনুসরণীয় নির্দেশাবলী এবং আয়কর রিটার্ন প্রাপ্তি স্বাক্ষর পত্র সংযুক্ত রয়েছে।

<u>বেতনভুক করদাতাদের জন্য রিটার্ন ফরম (আইটি-১১ঙ)ঃ</u>

- রিটার্ন ফরমটি কেবল বেতনভুক করদাতাদের জন্য প্রণয়ন করা হয়েছে (পরিশিষ্ট-গ)। করদাতার পরিচিতিমূলক তথ্য, বিভিন্ন খাতের আয়ের বিবরণ এবং প্রদেয় ও পরিশোধিত আয়করের বিবরণ প্রদানের ব্যবস্থা রয়েছে।
- রিটার্নটির অপর পৃষ্ঠায় বেতনভুক করদাতাদের জন্য প্রণীত পৃথক সম্পদ বিবরণী (IT-10BBB) এর ছক মুদ্রিত আছে।
- রিটার্ন ফরমটির সাথে ফরম পূরণের অনুসরণীয় নির্দেশাবলী রয়েছে।
- এ রিটার্ন ফরমের সাথে জীবনযাত্রার মান সম্পর্কিত তথ্য বিবরণী বা ফরম আইটি-১০বিবি দাখিল বাধ্যতামূলক নয়। তবে কোন করদাতা ইচ্ছা করলে আইটি-১০বিবি দাখিল করতে পারবেন।
- উল্লেখ্য, এ ধরণের করদাতারা ইচ্ছা করলে আইটি-১১ঙ এর পরিবর্তে ব্যক্তি শ্রেণীর জন্য প্রচলিত আট পৃষ্ঠার আয়কর রিটার্ন ফরম আইটি-১১গ ব্যবহার করতে পারবেন।
- রিটার্ন ফরমটি পূরণকালে করদাতাগণ এই নির্দেশিকার তৃতীয় ভাগে বর্ণিত পদ্ধতিতে বিভিন্ন খাতের আয় পরিগণনা করে রিটার্নের নির্দিষ্ট অংশে লিপিবদ্ধ করতে পারেন।

**<u>যে সকল ব্যক্তি করদাতার ব্যবসা বা পেশা খাতে আয় রয়েছে ও এরূপ আয়ের পরিমাণ ৩ লক্ষ টাকার বেশী নয় সে সকল করদাতার জন্য রিটার্ন ফরম (আইটি-১১চ)ঃ</u>**

- যে সকল ব্যক্তি করদাতার ব্যবসা বা পেশা খাতে আয় রয়েছে এবং এরূপ আয়ের পরিমাণ ৩ লক্ষ টাকার বেশী নয় সে সকল করদাতার জন্য এই আয়কর রিটার্ন ফরম (IT-11CHA) প্রণয়ন করা হয়েছে (পরিশিষ্ট-ঘ)। করদাতার পরিচিতিমূলক তথ্য, বিভিন্ন খাতের আয়ের বিবরণ এবং প্রদেয় ও পরিশোধিত আয়করের বিবরণ প্রদানের ব্যবস্থা রয়েছে।

- রিটার্নটির অপর পৃষ্ঠায় এ ধরনের করদাতাদের জন্য পৃথক সম্পদ বিবরণী (IT-10BBBB) এর ছক মুদ্রিত আছে।
- রিটার্ন ফরমটির সাথে ফরম পূরণের অনুসরণীয় নির্দেশাবলী রয়েছে।
- এ রিটার্ন ফরমের সাথে জীবনযাত্রার মান সম্পর্কিত তথ্য বিবরণী বা ফরম আইটি-১০বিবি দাখিল বাধ্যতামূলক নয়। তবে কোন করদাতা ইচ্ছা করলে আইটি-১০বিবি দাখিল করতে পারবেন।
- উল্লেখ্য, এ ধরণের করদাতারা ইচ্ছা করলে আইটি-১১চ এর পরিবর্তে ব্যক্তি শ্রেণীর জন্য প্রচলিত আট পৃষ্ঠার আয়কর রিটার্ন ফরম আইটি-১১গ ব্যবহার করতে পারবেন।
- রিটার্ন ফরমটি পূরণকালে করদাতাগণ এই নির্দেশিকার তৃতীয় ভাগে বর্ণিত পদ্ধতিতে বিভিন্নখাতের আয় পরিগণনা করে রিটার্নের নির্দিষ্ট অংশে লিপিবদ্ধ করতে পারেন।

## তৃতীয় ভাগ ঃ বিভিন্ন খাতের আয় নিরূপণ

১। বেতনাদি (আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ২১ এবং আয়কর বিধিমালা, ১৯৮৪ এর বিধি ৩৩ অনুযায়ী)ঃ

সাধারণভাবে একজন চাকুরিজীবী করদাতার প্রাপ্ত মূল বেতন, উৎসব ভাতা, পরিচারক ভাতা, সম্মানী ভাতা, ওভারটাইম ভাতা, স্বীকৃত ভবিষ্য তহবিলে নিয়োগকর্তার প্রদত্ত চাঁদা এবং বিভিন্ন পারকুইজিট (সুবিধা) বেতন খাতের করযোগ্য আয়। বেতনখাতে আয় নিরূপনের জন্য করদাতা পৃথক কাগজে বেতন খাতের আয়ের হিসাব সংযোজন করতে পারবেন। প্রচলিত রিটার্ন ফরমের ক্রমিক-১ এর করযোগ্য আয় নির্ণয়ের জন্য এ রিটার্ন ফরমের তফসিল -১ পূরণ করা প্রয়োজন হবে। তবে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে মূল বেতন, উৎসব ভাতা ও বোনাস ব্যতীত অন্যান্য ভাতা ও সুবিধাদি করমুক্ত আয় হিসেবে বিবেচনা করা হয়েছে বিধায় তফসিল-১ তাঁদের জন্য প্রযোজ্য হবে না। তফসিল-১ পূরণের পদ্ধতি নীচে আলোচনা করা হলো-

প্রচলিত রিটার্ন ফরম আইটি-১১গ অনুযায়ী
আয়ের বিস্তারিত বিবরণী সম্বলিত **তফসিল-১** (বেতনাদি)

(সরকারি কর্মকর্তা/কর্মচারী ব্যতীত)

আয়কর অধ্যাদেশের বিদ্যমান বিধান অনুসারে আয়কর রিটার্নের তফসিল-১ অনুযায়ী বেতন খাতের করযোগ্য/করমুক্ত আয়ের একটি উদাহরণ নিচে প্রদান করা হলোঃ

| বেতন ও ভাতাদি | মাসিক আয়ের পরিমাণ (টাকা) | বার্ষিক আয়ের পরিমাণ (টাকা) | করমুক্ত আয়ের পরিমাণ (টাকা) | নীট করযোগ্য আয় (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| মূল বেতন | ৩০,০০০/- | ৩,৬০,০০০/- | --- | ৩,৬০,০০০/- | সম্পূর্ণ অংক করযোগ্য |
| বিশেষ বেতন | ২,০০০/- | ২৪,০০০/- | --- | ২৪,০০০/- | সম্পূর্ণ অংক করযোগ্য |
| মহার্ঘ ভাতা | ৬,০০০/- | ৭২,০০০/- | --- | ৭২,০০০/- | সম্পূর্ণ অংক করযোগ্য |
| যাতায়াত ভাতা (নগদ) | ৫,০০০/- | ৬০,০০০/- | ৩০,০০০/- | ৩০,০০০/- | বার্ষিক ৩০,০০০/- পর্যন্ত করমুক্ত |
| বাড়ী ভাড়া ভাতা (নগদ) | ২০,০০০/- | ২,৪০,০০০/- | ১,৮০,০০০/- | ৬০,০০০/- | মূল বেতনের ৫০% অথবা মাসিক ২৫,০০০/- এ দু'টির মধ্যে যেটি কম সে অংক |
| চিকিৎসা ভাতা (নগদ) | ৪,০০০/- | ৪৮,০০০/- | ৩৬,০০০/- | ১২,০০০/- | মূল বেতনের ১০% অথবা বার্ষিক ১,২০,০০০/- টাকা, এ দু'টির মধ্যে যেটি কম সে পরিমাণ অংক |
| পরিচারক ভাতা | ১,৫০০/- | ১৮,০০০/- | -- | ১৮,০০০/- | সম্পূর্ণ অংক করযোগ্য |
| ছুটি ভাতা | ৩০,০০০/- | ৩০,০০০/- | --- | ৩০,০০০/- | সম্পূর্ণ অংক করযোগ্য |
| সম্মানী/ পুরস্কার/ ফি | ৫০,০০০/- | ৫০,০০০/- | --- | ৫০,০০০/- | সম্পূর্ণ অংক করযোগ্য |
| ওভার টাইম ভাতা | ৪,০০০/- | ৪৮,০০০/- | --- | ৪৮,০০০/- | সম্পূর্ণ অংক করযোগ্য |
| বোনাস/ এক্সগ্রেসিয়া/ শ্রান্তি বিনোদন ভাতা | ৩০,০০০/- | ৩০,০০০/- | --- | ৩০,০০০/- | সম্পূর্ণ অংক করযোগ্য |
| স্বীকৃত ভবিষ্য | ৩,০০০/- | ৩৬,০০০/- | --- | ৩৬,০০০/- | সম্পূর্ণ অংক |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| তহবিলে নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত চাঁদা | | | | | করযোগ্য |
| স্বীকৃত ভবিষ্য তহবিলে অর্জিত সুদ | ২,৫০০/- | ৩০,০০০/- | ৩০,০০০/- | --- | মূল বেতনের ১/৩ অংশ পর্যন্ত প্রাপ্ত সুদ ( এখানে বেতন বলতে মূল বেতন এবং মহার্ঘ ভাতা বুঝাবে) অথবা সরকার কর্তৃক নির্ধারিত হার ১৪.৫০%, এ দুয়ের মধ্যে যেটি কম |
| যানবাহন সুবিধার জন্য বিবেচিত আয় | -- | -- | -- | ৬০,০০০/- | যদি করদাতা ব্যক্তিগত ব্যবহারের জন্য নিয়োগকর্তার নিকট থেকে গাড়ী পান তাহলে মূল বেতনের ৫% বা বার্ষিক ৬০,০০০/- টাকা (দুই এর মধ্যে যেটি বেশি) সরাসরি নীট করযোগ্য আয় হবে। |
| বিনামূল্যে বা হ্রাসকৃত ভাড়ায় প্রাপ্ত বাসস্থানের জন্য বিবেচিত আয় | --- | --- | --- | ৯০,০০০/-<br><br>-- | (ক) যদি করদাতা নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত বিনা ভাড়ায় সজ্জিত বা অ-সজ্জিত বাসস্থানে বাস করেন তাহলে সাধারণভাবে মূল বেতনের ২৫% করযোগ্য আয় হিসেবে গণ্য হবে।<br>(খ) যদি করদাতা নিয়োগকর্তা থেকে হ্রাসকৃত ভাড়ায় সজ্জিত বা অ-সজ্জিত |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | | বাসস্থান প্রাপ্ত হন সে ক্ষেত্রে সাধারণভাবে মূল বেতনের ২৫% হতে প্রকৃত পরিশোধিত ভাড়া বাদ দিয়ে পার্থক্য করযোগ্য আয় হিসেবে গণ্য হবে। |
| অন্যান্য, যদি থাকে (বিবরণ দিন) | --- | --- | --- | --- | করদাতা যদি নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত বাসস্থানে দারোয়ান, মালি, বাবুর্চি কিংবা অন্য কোন সুবিধা পেয়ে থাকেন তবে প্রাপ্ত সুবিধার সমপরিমাণ আর্থিক মূল্য করযোগ্য আয় হিসেবে দেখাতে হবে। |
| ছুটি নগদায়ন | | ৬০,০০০/- | --- | ৬০,০০০/- | সম্পূর্ণ অংক করযোগ্য |
| গ্র্যাচুইটি | | ৩.৫ কোটি | ২.৫ কোটি | ১.০০ কোটি | ২ কোটি ৫০ লক্ষ টাকার অতিরিক্ত অংক করযোগ্য |
| Workers' Participation Fund | --- | --- | --- | --- | বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ২(৬৫) ধারায় প্রদত্ত সংজ্ঞা অনুসারে শ্রমিকের ক্ষেত্রে সম্পূর্ণ অংক করমুক্ত। অন্যদের ক্ষেত্রে প্রাপ্ত যে কোন অংকই করযোগ্য। |

- বেতনভুক করদাতাগণ আইটি-১১গ এর পরিবর্তে আইটি-১১ঙ ব্যবহার করলে এরূপ তফসিল সংযোজনের প্রয়োজন নেই। তবে বেতন খাতে আয় নিরূপণ করে একটি পৃথক বিবরণী আইটি-১১ঙ এর সাথে সংযুক্ত করা যেতে পারে।

## সরকারি কর্মকর্তা/কর্মচারীর বেতন খাতে আয় নিরূপণঃ

সরকারি কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতাদির উপর আয় গণনার জন্য একটি প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৯৮-আইন/আয়কর/২০১৫, তারিখ: ৩০ জুন, ২০১৫ জারি করা হয়েছে। এ প্রজ্ঞাপনের মাধ্যমে একজন সরকারি কর্মকর্তা/কর্মচারীর মূল বেতন (basic salary), উৎসব ভাতা এবং বোনাস করযোগ্য আয় হিসেবে বিবেচিত হবে। অন্য সকল সুবিধা ও ভাতাদি যেমনঃ বাড়ী ভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, যাতায়াত ভাতা, শ্রান্তি বিনোদন ভাতা, ইত্যাদি করমুক্ত থাকবে। সরকারি কর্মকর্তা/কর্মচারীদের বেতন খাতে আয় নিরূপণ পর্যায়ে আয়কর আইনের বিধি-৩৩ প্রযোজ্য হবে না।

২০১৫-২০১৬ কর বছরের আয়কর রিটার্নে এক অর্থ বছরে প্রাপ্ত মূল বেতন (basic salary), উৎসব ভাতা এবং বোনাস করযোগ্য আয় হিসেবে প্রদর্শন করতে হবে এবং সে অনুযায়ী প্রদেয় করের পরিমাণ পরিগণনা করতে হবে। সামরিক বাহিনীতে কর্মরতদের ক্ষেত্রেও এ বিধান সমভাবে প্রযোজ্য হবে।

উদাহরণের সাহায্যে সরকারি কর্মকর্তা/কর্মচারীর আয় এবং কর পরিগণনা নিম্নে দেখানো হলো ঃ

(ক) জনাব লিয়াকত বাংলাদেশ সচিবালয়ে কর্মরত একজন সরকারি কর্মকর্তা। ৩০ জুন, ২০১৫ তারিখে সমাপ্ত অর্থ বছরে তিনি নিম্নোক্ত হারে বেতন ভাতাদি পেয়েছেনঃ

| | |
|---|---|
| মাসিক মূল বেতন | ২৫,২০০/- |
| চিকিৎসা ভাতা | ৭০০/- |
| উৎসব ভাতা | ৫৪,৪০০/- |

তিনি সরকারি বাসায় থাকেন এবং এজন্য প্রতিমাসে মূল বেতন হতে ৭.৫০% হারে কর্তন করা হয়।

২০১৫-২০১৬ কর বছরে জনাব লিয়াকত সাহেব এর মোট আয় এবং করদায় কত হবে তা নিম্নে পরিগণনা করা হলোঃ

বেতন খাতে আয় ঃ

| | | |
|---|---|---|
| মূল বেতন (২৫,২০০/- × ১২ মাস) | = | ৩,০২,৪০০/- |
| উৎসব ভাতা (২৫,২০০/- × ২) | = | ৫০,৪০০/- |
| | মোট আয় = | ৩,৫২,৮০০/- |

কর দায় পরিগণনাঃ

| | |
|---|---|
| প্রথম ২,৫০,০০০ টাকা পর্যন্ত ‘শূন্য’ হার | |
| অবশিষ্ট ১,০২,৮০০ টাকার উপর ১০% হারে | ১০,২৮০/- |
| মোট কর দায় = | ১০,২৮০/- |

একই আয় যদি কোন মহিলা কর্মকর্তা বা কর্মচারীর থাকে, তবে তার ক্ষেত্রে করমুক্ত আয়ের সীমা হবে ৩,০০,০০০/- টাকা। ফলে একজন মহিলা কর্মকর্তা বা কর্মচারীর ২০১৫-২০১৬ কর বছরে মোট আয় এবং করদায় কত হবে তা নিম্নে পরিগণনা করা হলোঃ

বেতন খাতে আয় ঃ

| | | |
|---|---|---|
| মূল বেতন (২৫,২০০/- × ১২ মাস) | = | ৩,০২,৪০০/- |
| উৎসব ভাতা (২৫,২০০/- × ২) | = | ৫০,৪০০/- |
| | মোট আয় = | ৩,৫২,৮০০/- |

কর দায় পরিগণনাঃ

| | |
|---|---|
| প্রথম ৩,০০,০০০ টাকা পর্যন্ত ‘শূন্য’ হার | |
| অবশিষ্ট ৫২,৮০০ টাকার উপর ১০% হারে | ৫,২৮০/- |
| মোট কর দায় = | ৫,২৮০/- |

উপরে বর্ণিত পদ্ধতিতে প্রাপ্ত মোট কর দায় হতে বিনিয়োগজনিত কর রেয়াত বাদ দিয়ে নীট প্রদেয় করের পরিমাণ নিরূপন করতে হবে। এক্ষেত্রে, বিনিয়োগজনিত কর রেয়াত বাদ দেয়ার পর প্রদেয় করের পরিমাণ ৫,০০০/- টাকার কম, শূন্য বা ঋণাত্বক হলে সর্বনিম্ন প্রদেয় করের পরিমাণ হবে ৫,০০০/- টাকা। নীট প্রদেয় কর আয়কর রিটার্ন দাখিলের পূর্বে পরিশোধ করতে হবে।

২। নিরাপত্তা জামানতের উপর সুদ (আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ২২ ধারা)ঃ সরকার কর্তৃক ইস্যুকৃত বন্ড বা সিকিউরিটিজ (যেমন টিএন্ডটি বন্ড, ন্যাশনাল ইনভেস্টমেন্ট বন্ড, ট্রেজারী বন্ড/বিল, ইত্যাদি) এবং ডিবেঞ্চার হতে অর্জিত সুদ এ খাতের আয় হিসেবে রিটার্নে দেখাতে হবে। এই সিকিউরিটিজ বা ডিবেঞ্চার

কেনার জন্য ব্যাংক থেকে ঋণ নেয়া হলে ঋণের সুদ সিকিউরিটিজ হতে অর্জিত সুদ আয় থেকে খরচ হিসেবে বাদ দেয়া যাবে।

৩। <u>গৃহ-সম্পত্তির আয় (আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ২৪ ধারা অনুযায়ী)</u>ঃ

(ক) কোন করদাতা তার বাড়ী আবাসিক বা বাণিজ্যিক ব্যবহারের জন্য ভাড়া দিলে, সে আয় রিটার্নের গৃহ সম্পত্তির আয়ের ঘরে দেখাতে হবে। গৃহ সম্পত্তি খাতে নীট করযোগ্য আয় হিসাব করার জন্য প্রচলিত রিটার্ন ফরম আইটি-১১গ এর সাথে একটি তফসিল (তফসিল-২) দেয়া আছে। এই তফসিল পূরণের নিয়ম নীচে দেয়া হলোঃ

**<u>তফসিল-২ (গৃহ সম্পত্তির আয়)</u>**

| গৃহ সম্পত্তির অবস্থান ও বর্ণনা | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| বাড়ীর অবস্থান, কত তলা, ইত্যাদি উল্লেখ করতে হবে। | ১। ভাড়া বাবদ বার্ষিক আয়ঃ গৃহ সম্পত্তি ভাড়া দেয়া হলে ১২ মাসের ভাড়া দেখাতে হবে। যদি এক বা একাধিক মাস বাড়ী খালি থাকে সেক্ষেত্রেও ১২ মাসের বার্ষিক ভাড়া মূল্য দেখাতে হবে। তবে খালি থাকা মাসের ভাড়া নীচের আর একটি ঘরে খরচ হিসাবে দাবী করা যাবে। | | |
| | ২। দাবীকৃত ব্যয়সমূহ ঃ | | |
| | মেরামত, আদায়, ইত্যাদিঃ<br>● আবাসিক ব্যবহারের জন্য ভাড়া দেয়া হলে ভাড়ার উপর ২৫%; অথবা<br>● বাণিজ্যিক ব্যবহারের জন্য ভাড়া দেয়া হলে ভাড়ার উপর ৩০%।<br>এ খরচের জন্য কোন প্রমাণ দাখিলের প্রয়োজন নেই। | | |
| | পৌর কর/ক্যান্টনমেন্ট বোর্ড কর/স্থানীয় কর | | |
| | ভূমি রাজস্ব | | |

| | | | |
|---|---|---|---|
| | ব্যাংক অথবা আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত ঋণের উপর সুদ/বন্ধকী/মূলধনী চার্জঃ সংশ্লিষ্ট গৃহ সম্পত্তি নির্মাণ বা পুনঃ নির্মাণের জন্য ঋণ গ্রহণ করা হলে উক্ত ঋণের সুদ। | | |
| | বীমা কিস্তিঃ সংশ্লিষ্ট গৃহ সম্পত্তির বীমা করা হলে। | | |
| | গৃহ সম্পত্তি খালি থাকার কারণে দাবিকৃত রেয়াত | | |
| | অন্যান্য, যদি থাকে | | |
| | মোট = | | |
| | ৩। নীট আয় (ক্রমিক নং ১ হতে ২ এর বিয়োগফল) | | |

(খ) বেতনভুক করদাতাগণ এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবসায়ী বা পেশাজীবি করদাতাগণ আইটি-১১গ এর পরিবর্তে যথাক্রমে আইটি-১১ঙ ও আইটি-১১চ ব্যবহার করলে এরূপ তফসিল সংযোজনের প্রয়োজন নেই। তবে গৃহ সম্পত্তি খাতে আয় নিরূপণ করে একটি পৃথক বিবরণী আইটি-১১ঙ বা আইটি-১১চ এর সাথে সংযুক্ত করা যেতে পারে।

(গ) এস,আর,ও নং ২১৬-আইন/আয়কর/২০১৪, তারিখঃ ১৮ আগষ্ট, ২০১৪ এর মাধ্যমে বিধি ৮এ সংযোজন করে আয়কর অধ্যাদেশে হিসাব রক্ষণের পদ্ধতি বিষয়ক ধারা ৩৫ সংশোধন করা হয়েছে। এর ফলে এক বা একাধিক ভাড়াটিয়ার নিকট থেকে বাড়ী ভাড়া বাবদ মাসিক সর্বমোট ২৫ হাজার টাকার বেশী প্রাপ্ত হলেই বাড়ীর মালিককে ব্যাংক হিসাবে প্রাপ্ত ভাড়া জমা করতে হবে। বাড়ীর মালিক (ব্যক্তি, ফার্ম, কোম্পানী বা অন্য যে কোন প্রতিষ্ঠান) কর্তৃক এ বিধান পরিপালন করা না হলে গৃহ সম্পত্তি বাবদ অর্জিত আয়ের উপর প্রদেয় আয়করের ৫০% অথবা ন্যূনতম ৫,০০০ টাকা (যেটি বেশি) হারে বাধ্যতামূলকভাবে জরিমানা আরোপিত হবে।

কোন করদাতার ব্যবসা বা পেশা আয় থাকলে তাঁকে ব্যবসা/পেশা সংশ্লিষ্ট বাড়ী, অফিস বা দোকান ভাড়া বাবদ প্রদেয় অর্থ অবশ্যই ব্যাংকের মাধ্যমে পরিশোধ করতে হবে। অন্যথায়, প্রদত্ত ভাড়া তার ব্যবসায়িক খরচ হিসেবে বিবেচিত হবে না বরং পরিশোধিত ভাড়া আয় হিসেবে বিবেচনাপূর্বক তার উপর আয়কর পরিশোধ করতে হবে।

উদাহরণের সাহায্যে গৃহ-সম্পত্তি খাতে আয় নিরূপণ এবং কর পরিগণনা নিম্নে দেখানো হলোঃ

ধরা যাক, জনাব হাসানের একটি চারতলা আবাসিক বাড়ী রয়েছে। ঐ বাড়ীর নীচতলায় তিনি সপরিবারে বসবাস করেন। বাকী তিনটি তলা আবাসিক ব্যবহারের জন্য ভাড়া দিয়েছেন, প্রতিটি তলার মাসিক ভাড়া ১৫,০০০/- টাকা। এ বছর তিনি পৌরকর বাবদ ১৬,০০০/- টাকা, ভূমির খাজনা বাবদ ৫০০/- টাকা এবং গৃহ নির্মাণ ঋণের ব্যাংক সুদ বাবদ ২০,০০০/- টাকা পরিশোধ করেছেন। জনাব হাসানের গৃহসম্পত্তি হতে আয়ের হিসাব নীচে দেয়া হলোঃ

| | | |
|---|---|---|
| মাসিক ভাড়া ১৫,০০০ × ৩টি তলা × ১২ মাস = | | ৫,৪০,০০০/- |
| বাদঃ অনুমোদনযোগ্য খরচ | | |
| ১। মেরামত ব্যয় (ভাড়ার ২৫%) | ১,৩৫,০০০/- | |
| ২। পৌর কর (১৬,০০০/-× ৩/৪)* | ১২,০০০/- | |
| ৩। ভূমি রাজস্ব(৫০০/-× ৩/৪)* | ৩৭৫/- | |
| ৪। গৃহ নির্মাণ ঋণের সুদ (২০,০০০/- × ৩/৪)* | ১৫,০০০/- | |
| ***স্বনিবাস- ১/৪ অংশ, ভাড়ায় ব্যবহৃত-৩/৪ অংশ*** | | ১,৬২,৩৭৫/- |
| গৃহ সম্পত্তি থেকে নীট আয় = | | ৩,৭৭,৬২৫/- |

জনাব হাসানের নিরূপিত মোট আয় ৩,৭৭,৬২৫/-টাকার বিপরীতে ধার্য্যকৃত করের পরিমাণ এভাবে পরিগণনা করা হবেঃ

| মোট আয় | করহার | করের পরিমাণ |
|---|---|---|
| প্রথম ২,৫০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর --- | শূন্য | শূন্য |
| অবশিষ্ট ১,২৭,৬২৫/- টাকা আয়ের উপর- | ১০% | ১২,৭৬৩/- |
| | মোট = | ১২,৭৬৩/- |

অর্থাৎ করদাতাকে প্রদেয় কর ১২,৭৬৩/- টাকা রিটার্ন দাখিলের সময় বা পূর্বে পরিশোধ করতে হবে। উল্লেখ্য, অনুমোদনযোগ্য খরচ বিবেচনার ক্ষেত্রে বাড়ীটি যদি ব্যবসায়িক উদ্দেশ্যে ভাড়া দেয়া হয়, সেক্ষেত্রে মেরামত ব্যয় বাবদ ৩০% খরচ করা যাবে।

৪। <u>কৃষি আয় (আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ধারা ২৬ অনুযায়ী)</u>ঃ
কৃষি খাতে আয়ের জন্য হিসাবের খাতাপত্র রাখা না হলে নীচের উদাহরণ অনুযায়ী কৃষি আয় হিসাব করতে হবেঃ

ধরা যাক, জনাব রফিকের কৃষি জমির পরিমাণ ২ একর। একর প্রতি ধান উৎপাদনের পরিমাণ ৪৫ মণ। প্রতি মণ ধানের বাজারমূল্য ৮০০/- টাকা হলে নীট করযোগ্য কৃষি আয়ের পরিমাণ হবেঃ

২ একর × ৪৫ মণ × বাজার মূল্য ৮০০/- = ৭২,০০০/- টাকা।
<u>বাদ</u>ঃ উৎপাদন ব্যয় ৬০% = <u>৪৩,২০০/-</u> টাকা।
নীট কৃষি আয় = ২৮,৮০০/- টাকা।

কোন করদাতার আয়ের উৎস যদি শুধুমাত্র কৃষি খাত হয়ে থাকে সেক্ষেত্রে কৃষি খাতের আয় ২,০০,০০০/- টাকা পর্যন্ত করমুক্ত থাকবে। অর্থাৎ যদি কোন করদাতার কৃষি খাতের আয় ব্যতীত আর কোনো খাতে আয় না থাকে তা হলে তার জন্য করমুক্ত আয়ের সীমা হবে-

(ক) ৬৫ বছরের নীচে পুরুষদের ক্ষেত্রেঃ
(২,৫০,০০০ + ২,০০,০০০) = ৪,৫০,০০০ টাকা।

(খ) মহিলা বা ৬৫ বছর বা তদুর্ধ্ব বয়সের পুরুষদের ক্ষেত্রেঃ
(৩,০০,০০০ + ২,০০,০০০) = ৫,০০,০০০ টাকা।

(গ) প্রতিবন্ধী করদাতার ক্ষেত্রেঃ
(৩,৭৫,০০০ + ২,০০,০০০) = ৫,৭৫,০০০ টাকা।

(ঘ) গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রেঃ
( ৪,২৫,০০০+২,০০,০০০) = ৬,২৫,০০০ টাকা।

৫। <u>ব্যবসা বা পেশার আয় (আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ২৮ ধারা অনুযায়ী)</u>ঃ
ব্যক্তিশ্রেণীর করদাতা ব্যবসার জন্য হিসাবের খাতাপত্র রাখলে হিসাব বিবরণী অনুযায়ী আয় দেখাতে হবে। অন্যথায়, আয় ব্যয় বিবরণী অনুযায়ী আয় দেখাতে হবে। আয়কর রিটার্নের সাথে ব্যবসা বা পেশা আয়ের উৎপাদন হিসাব, বাণিজ্যিক হিসাব, লাভ ও ক্ষতি হিসাব এবং স্থিতিপত্র বা আয়-ব্যয়ের হিসাব বিবরণী (যা প্রযোজ্য) সংযোজন করতে হবে। ব্যবসা বা পেশার গ্রস প্রাপ্তি বা বিক্রয় হতে ব্যবসা সংশ্লিষ্ট সকল খরচ বাদ দিয়ে নীট আয় নির্ণয় করতে হয়। উল্লেখ্য, করদাতার ব্যক্তিগত খরচ বা ব্যবসা বহির্ভূত ব্যয় এক্ষেত্রে খরচ হিসেবে

বাদ দেয়া যাবে না। তাছাড়া ব্যবসার মূলধনী প্রকৃতির খরচও নীট আয় নির্ণয়ের ক্ষেত্রে খরচ হিসেবে বাদ দেয়া যাবে না। যথাঃ-

করদাতা স্টেশনারী ক্রয়-বিক্রয়ের ব্যবসায় নিয়োজিত। ০১/৭/২০১৪ তারিখ হতে ৩০/৬/২০১৫ তারিখ পর্যন্ত তাঁর মোট বিক্রয়ের পরিমাণ ৩০,০০,০০০/- টাকা। বিক্রিত মালামালের ক্রয়মূল্য ২৪,০০,০০০/- টাকা, কর্মচারীর বেতন ৬০,০০০/- টাকা, ইলেকট্রিক বিল, দোকান ভাড়া, ট্রেড লাইসেন্স নবায়ন ফিস ও পরিবহন খরচ এর সমষ্টি ১,০০,০০০/- টাকা। তাছাড়া ফার্নিচার ক্রয় বাবদ ব্যয় ৪০,০০০/- টাকা।

ব্যবসা খাতে নীট আয় পরিগণনা ও করদায় হবে নিম্নরূপঃ

| | | |
|---|---|---|
| মোট বিক্রয়ের পরিমাণ | | ৩০,০০,০০০/- |
| বাদঃ বিক্রিত মালামালের ক্রয়মূল্য --- | | ২৪,০০,০০০/- |
| গ্রস মুনাফা | | ৬,০০,০০০/- |
| বাদঃ অন্যান্য খরচ | | |
| কর্মচারীর বেতন ------------------- | ৬০,০০০/- | |
| ইলেকট্রিক বিল, দোকান ভাড়া, ট্রেড লাইসেন্স নবায়ন ফিস ও পরিবহন খরচ এর সমষ্টি -------------------- | ১,০০,০০০/- | |
| ফার্নিচার ক্রয় বাবদ ব্যয় ৪০,০০০/-। ফার্নিচার মূলধনী জাতীয় খরচ বিধায় এ খরচ নীট আয় নির্ণয়ের ক্ষেত্রে বাদ দেয়া যাবে না -------------------- | শূন্য | |
| মোট খরচ | | ১,৬০,০০০/- |
| | ব্যবসা খাতে আয় = | ৪,৪০,০০০/- |
| অবচয় (depreciation) | | |
| ব্যবসায় ব্যবহৃত হবার কারণে ফার্নিচার মূল্য ৪০,০০০/- টাকার উপর তৃতীয় তফসিল অনুযায়ী ১০% হারে ৪,০০০/- টাকা অবচয় ভাতা প্রাপ্য হবেন | | ৪,০০০/- |
| | ব্যবসা খাতে নীট আয়= | ৪,৩৬,০০০/- |

করদাতার নিরূপিত মোট আয় ৪,৩৬,০০০/- টাকার বিপরীতে ধার্য্যকৃত করের পরিমাণ নিম্নে পরিগণনা করা হলোঃ

| মোট আয় | করহার | করের পরিমাণ |
|---|---|---|
| প্রথম ২,৫০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর --- | শূন্য | শূন্য |
| অবশিষ্ট ১,৮৬,০০০/- টাকা আয়ের উপর- | ১০% | ১৮,৬০০/- |
| | মোট = | ১৮,৬০০/- |

অর্থাৎ করদাতাকে প্রদেয় কর ১৮,৬০০/- টাকা রিটার্ন দাখিলের পূর্বে বা সময়ে পরিশোধ করতে হবে।

৬। ফার্মের আয়ের অংশঃ

করদাতা কোন অংশীদারি ফার্মের অংশীদার হলে ফার্ম থেকে পাওয়া তার আয়ের অংশ এ ঘরে দেখাবেন। এ আয়ের উপর করদাতা গড় হারে আয়কর রেয়াত পাবেন। একটি উদাহরণ দিয়ে বিষয়টি স্পষ্ট করা হলোঃ

ধরা যাক, জনাব ফয়সাল একটি ফার্মের ১/৩ অংশের অংশীদার। সংশ্লিষ্ট বছরে ঐ ফার্ম ২,৮৫,০০০/- টাকা মুনাফা করেছে। ঐ অংশীদারি ফার্মে তার মুনাফার হিস্যা ৯৫,০০০/- টাকা। এছাড়া তার গৃহ সম্পত্তির নীট আয় ৩,২০,০০০/- টাকা। তার মোট আয় ৪,১৫,০০০/- টাকা। ২০১৫-২০১৬ কর বছরের আয়করের হার অনুযায়ী প্রদেয় করের পরিমাণ ১৬,৫০০/- টাকা। ফার্মের অংশীদারি আয়ের জন্য করদাতা যে রেয়াত পাবেন এবং রেয়াত পাওয়ার পরে তাকে যে পরিমাণ কর পরিশোধ করতে হবে তা এ রকমঃ

$$\frac{\text{মোট প্রদেয় কর} \times \text{ফার্মের অংশীদারী আয়}}{\text{মোট আয়}} = \frac{\text{১৬,৫০০ x ৯৫,০০০}}{\text{৪,১৫,০০০}}$$

অর্থাৎ ফার্মের করারোপিত আয়ের উপর কর পরিশোধ = ৩,৭৭৭ টাকা।

করদাতার নীট প্রদেয় করের পরিমাণঃ ১৬,৫০০-৩,৭৭৭ = ১২,৭২৩ টাকা।

৭। স্বামী/স্ত্রী বা অপ্রাপ্তবয়স্ক সন্তানের আয় (আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৪৩ (৪) ধারা অনুযায়ী)ঃ

করদাতার স্বামী/স্ত্রী বা অপ্রাপ্ত বয়স্ক সন্তানদের নামে যদি পৃথকভাবে আয়কর নথি না থাকে কিন্তু তাদের নামে অর্জিত সম্পত্তি থেকে আয় থাকে, সেক্ষেত্রে তাদের নামে অর্জিত আয় রিটার্নের এই ঘরে দেখাতে হবে।

৮। মূলধনী মুনাফা (আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ধারা ৩১ অনুযায়ী)ঃ
কোন সম্পত্তি বিক্রি করে মুনাফা হলে তা রিটার্নে মূলধনী আয় হিসেবে দেখাতে হবে। এক্ষেত্রে সম্পত্তির মধ্যে জমি, বাড়ী, এ্যাপার্টমেন্ট, কমার্শিয়াল স্পেস, স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানীর শেয়ার বা মিউচ্যুয়াল ফান্ড ইউনিট ইত্যাদি অন্তর্ভুক্ত। অন্যদিকে ব্যক্তিগত ব্যবহার্য গাড়ী, কম্পিউটার, আসবাবপত্র অলংঙ্কার ইত্যাদি মূলধনী সম্পত্তি হিসেবে অন্তর্ভুক্ত হবে না। বিক্রীত জমি, বাড়ী, এ্যাপার্টমেন্ট, কমার্শিয়াল স্পেস ইত্যাদি রেজিস্ট্রেশনের সময় যে কর পরিশোধ করা হয় তা মূলধনী মুনাফার বিপরীতে চূড়ান্ত করদায় পরিশোধ বলে গণ্য হবে। পরিশোধিত করকে ভিত্তি (base) ধরে back calculation এর মাধ্যমে মূলধনী মুনাফা হিসাব করতে হবে। নীচে একটি উদাহরণ দেয়া হলোঃ

ধরা যাক, একটি বাড়ী বিক্রয়ের সময় রেজিস্ট্রেশন পর্যায়ে ৫,০০০/- টাকা কর পরিশোধ করা হয়েছে। করদাতার অন্য কোন আয় নেই; ২০১৫-২০১৬ করবছরে মূলধনী মুনাফার পরিমাণ হবেঃ
(ক) করদাতার বয়স ৬৫ বছরের নীচে হলেঃ

| মোট আয় | কর হার | করের পরিমাণ |
|---|---|---|
| প্রথম ২,৫০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | শূন্য | শূন্য |
| পরবর্তী ৫০,০০০/- টাকা পর্যন্ত আয়ের উপর | ১০% | ৫,০০০/- |
| ৩,০০,০০০/- টাকার উপর মোট আয়করের পরিমাণ | | ৫,০০০/- |

অর্থাৎ ৫,০০০/- টাকার কর পরিশোধের বিপরীতে মূলধনী মুনাফা খাতে আয় নিরূপিত হবে ৩,০০,০০০/- টাকা।

(খ) করদাতার বয়স ৬৫ বছর বা তার উর্ধ্বে বা মহিলা হলেঃ

| মোট আয় | কর হার | করের পরিমাণ |
|---|---|---|
| প্রথম ৩,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | শূন্য | শূন্য |
| পরবর্তী ৫০,০০০/- টাকা পর্যন্ত আয়ের উপর | ১০% | ৫,০০০/- |
| ৩,৫০,০০০/- টাকার উপর মোট আয়করের পরিমাণ | | ৫,০০০/- |

অর্থাৎ ৫,০০০/- টাকার কর পরিশোধের বিপরীতে মূলধনী মুনাফা খাতে আয় নিরূপিত হবে ৩,৫০,০০০/- টাকা।

তবে এক্ষেত্রে করদাতার মূলধনী আয় ব্যতীত অন্য কোন খাতের করযোগ্য আয় থাকলে উৎসে প্রদত্ত আয়কর অনুযায়ী মূলধনী মুনাফা খাতে আয় নিরূপনের জন্য প্রথমে অন্য খাতের আয় করহারের যে আয় স্তরে শেষ হবে সে আয় স্তর থেকে প্রদত্ত উৎসে আয়কর অনুযায়ী মূলধনী আয় নির্ণয় করতে হবে। যথাঃ উপরে প্রদত্ত উদাহরণের করদাতার মূলধনী আয় ছাড়াও ব্যবসা হতে ৫,০০,০০০/- নীট আয় আছে। এক্ষেত্রে মূলধনী আয় নিরূপণ করতে হবে নিম্নরূপে-

| মোট আয় | কর হার | করের পরিমাণ |
|---|---|---|
| প্রথম ২,৫০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | শূন্য | শূন্য |
| পরবর্তী ৪,০০,০০০/- টাকা<br>ব্যবসা হতে অবশিষ্ট ২,৫০,০০০/- আয়ের উপর এবং<br>মূলধনী আয় ৫০,০০০/- পর্যন্ত আয়ের উপর | ১০% | <br>২৫,০০০/-<br><br>৫,০০০/- |
| ৫,৫০,০০০/- টাকার উপর মোট আয়করের পরিমাণ | | ৩০,০০০/- |

উপরের হিসাব অনুযায়ী করদাতার উৎসে প্রদত্ত ৫,০০০/- টাকা আয়করের বিপরীতে মুলধনী মুনাফা হবে ৫০,০০০/- টাকা।

স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানীর শেয়ার বা মিউচ্যুয়াল ফান্ড ইউনিট বিক্রয় বা হস্তান্তর হতে ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান, মার্চেন্ট ব্যাংক, শেয়ার ডিলার/ব্রোকার কোম্পানী এর স্পন্সর শেয়ারহোল্ডার, ডিরেক্টর এবং স্টক

এক্সচেঞ্জে লিষ্টেড কোম্পানীর স্পন্সর শেয়ারহোল্ডার বা ডিরেক্টরদের আয় করযোগ্য। এছাড়া আয় বছরের যে কোন সময়ে কোন করদাতার কোন একটি স্টক এক্সচেঞ্জে লিষ্টেড কোম্পানীর পরিশোধিত মূলধনের ১০% অধিক শেয়ার থাকলে ঐ কোম্পানীর শেয়ার বিক্রি হতে অর্জিত আয়ও করযোগ্য হবে। এ সকল করদাতার শেয়ার বিক্রি হতে মূলধনী মুনাফা এখানে লিখতে হবে। বর্ণিত শ্রেণীর করদাতা এবং কোম্পানী ও ফার্ম শ্রেণীর করদাতা ব্যতীত অন্য ব্যক্তি শ্রেণীর সকল করদাতার লিস্টেড কোম্পানীর শেয়ার বিক্রয় হতে অর্জিত মূলধনী মুনাফা করমুক্ত এবং তাদের এ আয় প্রচলিত রিটার্ন ফরম আইটি-১১গ এর ১৮ নং ক্রমিকে করমুক্ত আয় হিসেবে লিখতে হবে।

৯। <u>অন্যান্য উৎস হতে আয় (আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৩৩ ধারা অনুযায়ী)</u>ঃ
বেতন, নিরাপত্তা জামানতের উপর সুদ, গৃহ সম্পত্তির আয়, কৃষি আয়, ব্যবসা বা পেশার আয়, মূলধনী মুনাফা এসকল আয়ের খাত ছাড়া অন্য যাবতীয় আয় অন্যান্য সূত্রের আয় হিসেবে বিবেচিত হবে। ব্যাংকে গচ্ছিত টাকার উপর সুদ, নগদ লভ্যাংশ, সঞ্চয়পত্রের সুদ বা মুনাফা, লটারী, যন্ত্রপাতি ভাড়া দিয়ে আয়, বক্তৃতা বা লেখার সম্মানী ইত্যাদি অন্যান্য সূত্রের আয়ের কয়েকটি উদাহরণ।

ব্যাংক সুদ বা নগদ লভ্যাংশ এর ক্ষেত্রে মোট (gross) প্রাপ্ত সুদ বা লভ্যাংশ আয় হিসেবে বিবেচিত হবে। অর্থাৎ যে সকল ক্ষেত্রে সুদ বা লভ্যাংশ হতে উৎসে আয়কর কর্তনসহ অন্যান্য কর্তন (যদি থাকে) করা হয়েছে সে সকল ক্ষেত্রে সুদ বা লভ্যাংশ হতে আয় হবে উৎসে আয়কর কর্তনসহ অন্যান্য কর্তন (যদি থাকে) পূর্ববর্তী অংক। যথাঃ ১,০০০/ টাকা উৎসে আয়কর কেটে ৯,০০০/- টাকা নীট সুদ বা মুনাফা কোন করদাতাকে প্রদান করা হলেও উক্ত করদাতার সুদ বা লভ্যাংশ বাবদ আয় দেখাতে হবে ১০,০০০/- টাকা। তবে ব্যাংক সুদ বা লভ্যাংশ আয় থেকে উৎসে কেটে রাখা আয়কর করদাতার জন্য অগ্রিম কর পরিশোধ হিসেবে বিবেচিত হবে যা আয়কর রিটার্ন দাখিল বা আয়কর মামলা নিস্পত্তি পর্যায়ে সৃষ্ট কর দাবীর বিপরীতে সমন্বয় করা যাবে। উদাহরণস্বরূপ উল্লেখ করা যায় যে, একজন করদাতার মোট আয়ের (সকল করযোগ্য আয়ের সমষ্টি) উপর প্রদেয় আয়করের পরিমাণ ৫৫,০০০/- টাকা। তার ব্যাংক সুদ এবং লভ্যাংশের উপর কেটে রাখা আয়করের পরিমাণ যদি ১০,০০০/- টাকা হয়, তাহলে তাকে কর নির্ধারণের পর ৫৫,০০০ - ১০,০০০ = ৪৫,০০০/- টাকা পরিশোধ করতে হবে।

- ২০১৫-২০১৬ করবর্ষ হতে যে কোন ধরনের সঞ্চয়পত্রের অর্জিত সুদের উপর উৎসে কর্তিত কর উক্ত খাতের চূড়ান্ত করদায় পরিশোধ হিসেবে গণ্য হবে।

## চতুর্থ ভাগ ঃ মোট আয়ের উপর আরোপযোগ্য আয়কর, বিনিয়োগ রেয়াত এবং প্রদেয় কর পরিগণনা ঃ

### মোট আয়ের উপর আরোপযোগ্য আয়করঃ

করদাতার মোট আয়ের উপর আয়করের পরিমাণ হিসেব করার পদ্ধতি নীচে একটি উদাহরণ দিয়ে দেখানো হলোঃ

ধরা যাক, ২০১৫-২০১৬ কর বছরে করদাতার মোট আয়ের পরিমাণ ৫০,০০,০০০/- টাকা।

| মোট আয় | কর হার | করের পরিমাণ |
|---|---|---|
| প্রথম ২,৫০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | শূন্য | শূন্য |
| পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্ত আয়ের উপর | ১০% | ৪০,০০০/- |
| পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত আয়ের উপর | ১৫% | ৭৫,০০০/- |
| পরবর্তী ৬,০০,০০০/- টাকা পর্যন্ত আয়ের উপর | ২০% | ১,২০,০০০/- |
| পরবর্তী ৩০,০০,০০০/- টাকা পর্যন্ত আয়ের উপর | ২৫% | ৭,৫০,০০০/- |
| অবশিষ্ট ২,৫০,০০০/- এর উপর | ৩০% | ৭৫,০০০/- |
| ৫০,০০,০০০/- টাকার উপর মোট আয়করের পরিমাণঃ | | ১০,৬০,০০০/- |

করদাতা যদি মহিলা করদাতা হন অথবা ৬৫ বছর বা তদুর্ধ্ব বয়সের করদাতা হন তার ক্ষেত্রে হবে নিম্নরূপঃ

| মোট আয় | কর হার | করের পরিমাণ |
|---|---|---|
| প্রথম ৩,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | শূন্য | শূন্য |
| পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্ত আয়ের উপর | ১০% | ৪০,০০০/- |
| পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত আয়ের উপর | ১৫% | ৭৫,০০০/- |
| পরবর্তী ৬,০০,০০০/- টাকা পর্যন্ত আয়ের উপর | ২০% | ১,২০,০০০/- |
| পরবর্তী ৩০,০০,০০০/- টাকা পর্যন্ত আয়ের উপর | ২৫% | ৭,৫০,০০০/- |
| অবশিষ্ট ২,০০,০০০/- এর উপর | ৩০% | ৬০,০০০/- |
| ৫০,০০,০০০/- টাকার উপর মোট আয়করের পরিমাণঃ | | ১০,৪৫,০০০/- |

তবে প্রতিবন্ধীদের ক্ষেত্রে করমুক্ত আয়ের সীমা হবে ৩,৭৫,০০০/- টাকা এবং গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতার করমুক্ত আয়ের সীমা হবে ৪,২৫,০০০/- টাকা।

## করদাতার অবস্থানভেদে ন্যূনতম কর

করমুক্ত সীমার উর্ধ্বের আয়ের ক্ষেত্রে প্রদেয় ন্যূনতম আয়করের পরিমাণ এলাকাভেদে নিম্নরূপে পুনঃনির্ধারণ করা হয়েছে ঃ

| এলাকার বিবরণ | ন্যূনতম করের হার |
|---|---|
| ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | ৫,০০০/-টাকা |
| অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা | ৪,০০০/-টাকা |
| সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য এলাকায় অবস্থিত করদাতা | ৩,০০০/-টাকা |

- ন্যূনতম আয়করের এ বিধানের ফলে একজন করদাতার আয় যে কোন স্থানেই অর্জিত হোক না কেন তিনি যেখানে অবস্থান করবেন তাঁর সে অবস্থানের ভিত্তিতেই ন্যূনতম করের হার নির্ধারিত হবে। তবে কোন করদাতা যদি একই আয় বছরে একাধিক স্থানে অবস্থান করে থাকেন তাহলে যে স্থানে তিনি সর্বাধিককাল অবস্থান করেছেন সে অবস্থান স্থলের জন্য প্রযোজ্য ন্যূনতম কর হার তাঁর ক্ষেত্রে প্রযোজ্য হবে।
- ব্যবসা আয়ের ক্ষেত্রে ব্যবসা পরিচালনার মুখ্য স্থানই ন্যূনতম করের জন্য একজন করদাতার অবস্থান স্থল হিসেবে বিবেচিত হবে।
- একজন চাকুরিজীবি করদাতা আয় বছরে একাধিক স্থানে কর্মরত থাকলে যে স্থানে তিনি অধিক কাল কর্মরত ছিলেন ন্যূনতম করের জন্য সে স্থানই তাঁর অবস্থান স্থল বলে বিবেচিত হবে।
- করদাতা অনিবাসী হলে বাংলাদেশে তিনি যে ঠিকানা ব্যবহার করেন সে ঠিকানাই তাঁর অবস্থান স্থল হিসেবে বিবেচিত হবে।
- করমুক্ত সীমার উর্ধ্বে আয় আছে এমন করদাতার প্রদেয় আয়করের পরিমাণ হিসাব অনুযায়ী তাঁর জন্য প্রযোজ্য ন্যূনতম আয়করের পরিমাণ অপেক্ষা কম হলে বা বিনিয়োগজনিত কর রেয়াত বিবেচনার পর প্রদেয় আয়করের পরিমাণ

প্রযোজ্য ন্যূনতম আয়করের কম, শূন্য বা ঋণাত্মক হলেও তাঁকে তাঁর জন্য প্রযোজ্য ন্যূনতম আয়কর পরিশোধ করতে হবে।

## আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর কর রেয়াত ধারা-৪৪(২)(বি) অনুযায়ী (তফসিল ৩ অনুসারে)ঃ

একজন করদাতা নিম্নলিখিত ক্ষেত্রে বিনিয়োগ কিংবা দান করলে তিনি বিনিয়োগ ও দানকৃত অংকের ১৫% সরাসরি আয়কর রেয়াত পাবেন। রেয়াত পাওয়ার যোগ্য বিনিয়োগ বা দান প্রচলিত রিটার্ন ফরম আইটি-১১গ এর তফসিল-৩ এ উল্লেখ করতে হবে। কর রেয়াতের জন্য এরকম বিনিয়োগ ও দানের পরিমাণ মোট আয়ের (স্বীকৃত ভবিষ্য তহবিলে নিয়োগকর্তার চাঁদা, ৮২সি ধারায় নির্ণিত চূড়ান্ত করদায় এবং হ্রাসকৃত করহার প্রযোজ্য এমন আয় থাকলে তা বাদে) ৩০% অথবা ১,৫০,০০,০০০/- টাকা অথবা প্রকৃত বিনিয়োগ এ তিনটির মধ্যে যেটি কম তার বেশী হতে পারবে না।
উল্লেখ্য, যে সকল করদাতা বেতন আয়ের ক্ষেত্রে আইটি-১১ঙ অথবা ব্যবসা বা পেশার আয়ের ক্ষেত্রে আইটি-১১চ ব্যবহার করবেন তাদের এরূপ কোন তফসিল পূরণ করতে হবে না। তবে বিনিয়োগ বা দানের প্রমাণপত্র রিটার্নের সাথে সংযুক্ত করতে হবে।

**বিনিয়োগের খাতঃ** একজন করদাতার বিনিয়োগ ও দানের খাতের তালিকা নীচে দেয়া হলোঃ

* জীবন বীমার প্রিমিয়াম।
* সরকারি কর্মকর্তার প্রভিডেন্ট ফান্ডে চাঁদা।
* স্বীকৃত ভবিষ্য তহবিলে নিয়োগকর্তা ও কর্মকর্তার চাঁদা।
* কল্যাণ তহবিল ও গোষ্ঠী বীমা তহবিলে চাঁদা।
* সুপার এনুয়েশন ফান্ডে প্রদত্ত চাঁদা।
* যে কোন তফসিলি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ডিপোজিট পেনশন স্কীমে বার্ষিক সর্বোচ্চ ৬০,০০০/- টাকা বিনিয়োগ।
* সঞ্চয়পত্র ক্রয়ে বিনিয়োগ।
* বাংলাদেশের ষ্টক এক্সচেঞ্জে তালিকাভূক্ত কোম্পানীর শেয়ার, স্টক, মিউচ্যুয়াল ফান্ড বা ডিবেঞ্চারে বিনিয়োগ;
* বাংলাদেশ সরকার অনুমোদিত ট্রেজারী বন্ডে বিনিয়োগ;
* নির্দিষ্ট সীমার মধ্যে একটি কম্পিউটার বা ল্যাপটপ ক্রয়ে বিনিয়োগ।

**দানঃ**

* যাকাত তহবিলে দান।
* জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত কোন দাতব্য হাসপাতালে দান।
* প্রতিবন্ধীদের কল্যাণে স্থাপিত প্রতিষ্ঠানে দান।
* মুক্তিযুদ্ধ যাদুঘরে প্রদত্ত দান।
* আগাঁ খান ডেভেলপমেন্ট নেটওয়ার্কে দান।
* আহ্‌সানিয়া ক্যান্সার হাসপাতালে দান।
* ICDDRB তে প্রদত্ত দান।
* CRP, সাভার এ প্রদত্ত দান।
* সরকার কর্তৃক অনুমোদিত জনকল্যাণমূলক বা শিক্ষা প্রতিষ্ঠানে দান।
* এশিয়াটিক সোসাইটি, বাংলাদেশ এ দান।
* ঢাকা আহ্‌সানিয়া মিশন ক্যান্সার হাসপাতালে দান।
* মুক্তিযুদ্ধের স্মৃতি রক্ষার্থে নিয়োজিত জাতীয় পর্যায়ের কোন প্রতিষ্ঠানে অনুদান।
* জাতির জনকের স্মৃতি রক্ষার্থে নিয়োজিত জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানে অনুদান।

উদাহরণের সাহায্যে অনুমোদনযোগ্য বিনিয়োগ ভাতার পরিমাণ এবং কর রেয়াত কিভাবে পরিগণনা করা হবে তা নিম্নে দেখানো হলোঃ

(ক) ধরা যাক, একজন করদাতার এ সকল খাতের কয়েকটিতে মোট বিনিয়োগের পরিমাণ ৪,০০,০০০/- টাকা। এই করদাতার মোট আয়ের পরিমাণ ১২,০০,০০০/- টাকা, যার মধ্যে স্বীকৃত ভবিষ্য তহবিলে নিয়োগকর্তার দান ১,০০,০০০/- টাকা।

নিম্নে আয়কর ও রেয়াত পরিগণনা করা হলোঃ

| মোট আয় | করহার | করের পরিমাণ |
|---|---|---|
| প্রথম ২,৫০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | শূন্য | শূন্য |
| পরবর্তী ৪,০০,০০০/- টাকা আয়ের উপর-------- | ১০% | ৪০,০০০/- |
| পরবর্তী ৫,০০,০০০/- টাকা আয়ের উপর-------- | ১৫% | ৭৫,০০০/- |
| পরবর্তী ৫০,০০০/- টাকা আয়ের উপর-------- | ২০% | ১০,০০০/- |
| | রেয়াত পূর্ববর্তী করদায় = | ১,২৫,০০০/- |

কর রেয়াতের জন্য অনুমোদনযোগ্য বিনিয়োগের পরিমাণ হবে নিম্নরূপঃ

স্বীকৃত ভবিষ্য তহবিলে নিয়োগকর্তার চাঁদা বিনিয়োগ ভাতার অনুমোদনযোগ্য সর্বোচ্চ সীমা নির্ধারণ পর্যায়ে বিবেচিত হয় না বিধায় উক্ত চাঁদার অংক ব্যতীত মোট আয় দাঁড়ায় (১২,০০,০০০-১,০০,০০০) = ১১,০০,০০০/- যার উপর ৩০% হারে বিনিয়োগের সর্বোচ্চ অনুমোদনযোগ্য সীমা পরিগণনা করতে হবে। কিন্তু এ সীমা ১,৫০,০০,০০০/- টাকার অধিক হতে পারবে না। সর্বোচ্চ অনুমোদনযোগ্য সীমা পর্যন্ত প্রকৃত বিনিয়োগের উপর কর রেয়াত প্রযোজ্য হবে। অর্থাৎ

মোট আয়ের ৩০%

অথবা

সর্বোচ্চ ১,৫০,০০,০০০/- টাকা

অথবা

প্রকৃত বিনিয়োগ

এর মধ্যে যেটি কম তার উপর ১৫% হারে আয়কর রেয়াত প্রযোজ্য হবে।

বিবেচনাধীন ক্ষেত্রে মোট আয় (১২,০০,০০০ - ১,০০,০০০)= ১১,০০,০০০ × ৩০% = ৩,৩০,০০০/- অথবা

সর্বোচ্চ ১,৫০,০০,০০০/- টাকা

অথবা

প্রকৃত বিনিয়োগ ৪,০০,০০০/- টাকা। এর মধ্যে যেটি কম অর্থাৎ ৩,৩০,০০০/- টাকা অনুমোদনযোগ্য বিনিয়োগ ভাতা হিসেবে বিবেচনাযোগ্য হবে। অর্থাৎ বাস্তবে ৪,০০,০০০/- টাকা বিনিয়োগ করা হলেও তিনি সর্বোচ্চ ৩,৩০,০০০/- টাকার উপরে ১৫% হারে রেয়াত প্রাপ্ত হবেন। সে অনুযায়ী আয়কর রেয়াতের পরিমাণ হবে (৩,৩০,০০০ × ১৫%) = ৪৯,৫০০/- টাকা।

ফলে নীট প্রদেয় করের পরিমাণ দাঁড়াবে (১,২৫,০০০-৪৯,৫০০) = ৭৫,৫০০/- টাকা।

(খ) ধরা যাক, একজন সরকারি বেতনভুক করদাতার বেতন খাত, ব্যাংক সুদ, গৃহ সম্পত্তি ও লভ্যাংশ খাতে আয় রয়েছে। ২০১৫-২০১৬ করবছরে উক্ত খাতসমূহে মোট আয়ের পরিমাণ ছিল ৫,০০,০০০/- টাকা।

উক্ত করদাতা প্রতি মাসে প্রভিডেন্ড ফান্ডে ২,০০০/- টাকা, কল্যাণ তহবিল ও গোষ্ঠী বীমা বাবদ মাসিক যথাক্রমে ৫০/- টাকা এবং ৪০/- টাকা চাঁদা দিয়ে থাকেন। তিনি ৪০,০০০/- টাকার তিন বছর মেয়াদী সঞ্চয়পত্র ক্রয় করেছেন

এবং জীবন বীমার প্রিমিয়াম বাবদ বাৎসরিক ৩,০০০/- টাকা দিয়েছেন। তিনি তফসিলি ব্যাংকে ডিপোজিট পেনশন স্কীমে (ডিপিএস) প্রতি মাসে ৫০০/- টাকা জমা করেছেন। এছাড়া সংশ্লিষ্ট করবছরে শেয়ারে ৫,০০০/- বিনিয়োগ করা হয়েছে।

করদাতার মোট আয় ৫,০০,০০০/- টাকার বিপরীতে অনুমোদনযোগ্য বিনিয়োগ ভাতা, বিনিয়োগের জন্য আয়কর রেয়াত ও করদায় পরিগণনা নিম্নে উল্লেখ করা হলোঃ

**<u>রেয়াত পূর্ববর্তী করদায়</u>**

| মোট আয় | করহার | করের পরিমাণ |
|---|---|---|
| প্রথম ২,৫০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | শূন্য | শূন্য |
| পরবর্তী ২,৫০,০০০/- টাকা আয়ের উপর-------- | ১০% | ২৫,০০০/- |
| | রেয়াত পূর্ববর্তী করদায় = | ২৫,০০০/- |

কর রেয়াতের জন্য অনুমোদনযোগ্য বিনিয়োগের পরিমাণ হবে নিম্নরূপঃ

| | |
|---|---|
| (ক) প্রভিডেন্ড ফান্ডে চাঁদা (২,০০০ × ১২ মাস) = | ২৪,০০০/- |
| (খ) কল্যাণ তহবিল ও গোষ্ঠী বীমা তহবিলে চাঁদা (৫০ + ৪০) টাকা × ১২ মাস = | ১,০৮০/- |
| (গ) সঞ্চয় পত্রে বিনিয়োগ = | ৪০,০০০/- |
| (ঘ) জীবন বীমার প্রিমিয়াম প্রদান = | ৩,০০০/- |
| (ঙ) ডিপিএস এ জমা (৫০০/- × ১২ মাস) = | ৬,০০০/- |
| (চ) শেয়ারে বিনিয়োগ= | ৫,০০০/- |
| মোট = | ৭৯,০৮০/- |

মোট আয়ের ৩০% অথবা ১,৫০,০০,০০০/- টাকা অথবা প্রকৃত বিনিয়োগ ৭৯,০৮০/- টাকা -এর মধ্যে যেটি কম সেটি কর রেয়াতের জন্য অনুমোদনযোগ্য বিনিয়োগ হিসাবে বিবেচিত হবে।

করদাতার ক্ষেত্রে মোট আয় ৫,০০,০০০/- এর ৩০% দাঁড়ায় ১,৫০,০০০/- টাকা যা ১,৫০,০০,০০০/- টাকার কম বিধায় তা কর রেয়াতের জন্য বিনিয়োগের সর্বোচ্চ অনুমোদনযোগ্য সীমা হিসাবে বিবেচিত হবে। করদাতার প্রকৃত বিনিয়োগের পরিমাণ ৭৯,০৮০/- টাকা যা এই অনুমোদনযোগ্য সীমার মধ্যে হওয়ার কারণে এই অংকের উপর সরাসরি ১৫% হারে কর রেয়াত পরিগণনা করা হবে। ফলে কর রেয়াতের পরিমাণ হবে (৭৯,০৮০ × ১৫%) =

১১,৮৬২/- টাকা। করদাতার কর রেয়াত পরবর্তী নীট প্রদেয় করের পরিমাণ হবে নিম্নরূপঃ

| | | |
|---|---|---|
| মোট আরোপযোগ্য কর | = | ২৫,০০০/-টাকা। |
| বাদঃ কর রেয়াত | = | ১১,৮৬২/- টাকা। |
| নীট প্রদেয় কর | = | ১৩,১৩৮/- টাকা। |

অর্থাৎ করদাতাকে **১৩,১৩৮/-** টাকা আয়কর রিটার্ন দাখিলের পূর্বে পরিশোধ করতে হবে।

**ব্যক্তি-করদাতার ক্ষেত্রে সারচার্জ আরোপঃ**

অর্থ আইন, ২০১৫ এর মাধ্যমে ব্যক্তি-করদাতাদের ক্ষেত্রে প্রদেয় আয়করের উপর সারচার্জ আরোপের বিধান সংশোধন করা হয়েছে। আয়কর রিটার্নের সাথে দাখিলকৃত পরিসম্পদ ও দায় বিবরণীতে (statement of assets and liabilities) প্রদর্শিত নীট সম্পদের পরিমাণ ২ কোটি ২৫ লক্ষ টাকার উর্ধ্বে হলে সারচার্জ আরোপিত হবে। এক্ষেত্রে প্রদর্শিত নীট সম্পদের পরিমাণ ২ কোটি ২৫ লক্ষ টাকার অধিক কিন্তু ১০ কোটি টাকার অধিক না হলে ১০%, ১০ (দশ) কোটি টাকার অধিক কিন্তু ২০ (বিশ) কোটি টাকার অধিক না হলে ১৫%, ২০ (বিশ) কোটি টাকার অধিক কিন্তু ৩০ (ত্রিশ) কোটি টাকার অধিক না হলে ২০% এবং এবং নীট  সম্পদের পরিমাণ ৩০ (ত্রিশ) কোটি টাকার অধিক হলে প্রদেয় আয়করের ২৫% সারচার্জ আরোপিত হবে। তবে নীট পরিসম্পদের মূল্যমান ২ কোটি ২৫ লক্ষ টাকা অতিক্রম করলে ন্যূনতম সারচার্জের পরিমাণ কোনভাবেই ৩ হাজার টাকার কম হবে না।

সারচার্জ কিভাবে আরোপিত হবে তা নিচের উদাহরণগুলোর সাহায্যে স্পষ্ট করা হলোঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | একজন করদাতার নীট সম্পদ | টাঃ | ২,২০,০০,০০০/- |
| | মোট আয়- | টাঃ | ১০,০০,০০০/- |
| | আয়ের উপর আরোপযোগ্য আয়করের পরিমাণ | টাঃ | ৯২,৫০০/- |
| | **প্রদেয় সারচার্জের পরিমাণ** | টাঃ | শূন্য। |
| (২) | একজন করদাতার নীট সম্পদ | টাঃ | ২,২৬,০০,০০০/- |
| | মোট আয় | টাঃ | ১০,০০,০০০/- |
| | আয়ের উপর প্রদেয় আয়করের পরিমাণ | টাঃ | ৯২,৫০০/- |
| | **প্রদেয় সারচার্জের পরিমাণ (১০%)** | টাঃ | **৯,২৫০/-** |
| (৩) | একজন করদাতার নীট সম্পদ | টাঃ | ১১,০০,০০,০০০/- |
| | মোট আয়- | টাঃ | ১০,০০,০০০/- |

| | | | |
|---|---|---|---|
| | আয়ের উপর আরোপযোগ্য আয়করের পরিমাণ | টাঃ | ৯২,৫০০/- |
| | **প্রদেয় সারচার্জের পরিমাণ (১৫%)** | টাঃ | **১৩,৮৭৫/-** |
| (৪) | একজন করদাতার নীট সম্পদ | টাঃ | ১২,০০,০০,০০০/- |
| | মোট আয়- | টাঃ | ১০,০০,০০০/- |
| | আয়ের উপর আরোপযোগ্য আয়করের পরিমাণ | টাঃ | ৯২,৫০০/- |
| | বিনিয়োগজনিত আয়কর রেয়াত | টাঃ | ২০,০০০/- |
| | **বিনেয়োগজনিত আয়কর রেয়াত বাদে প্রদেয় আয়কর** | টাঃ | **৭২,৫০০/-** |
| | অগ্রিম আয়কর পরিশোধ | টাঃ | ৬০,০০০/- |
| | অবশিষ্ট প্রদেয় আয়কর | টাঃ | ১২,৫০০/- |
| | **প্রদেয় সারচার্জের পরিমাণ ৭২,৫০০/- টাকার ১৫%** | টাঃ | **১০,৮৭৫/-** |
| (৫) | একজন করদাতার নীট সম্পদ | টাঃ | ২৩,০০,০০,০০০/- |
| | মোট আয়- | টাঃ | ১০,০০,০০০/- |
| | আয়ের উপর আরোপযোগ্য আয়করের পরিমাণ | টাঃ | ৯২,৫০০/- |
| | বিনিয়োগ জনিত আয়কর রেয়াত | টাঃ | ৪০,০০০/- |
| | **বিনেয়োগজনিত আয়কর রেয়াত বাদে প্রদেয় আয়কর** | টাঃ | **৫২,৫০০/-** |
| | অগ্রিম আয়কর পরিশোধ | টাঃ | ৪০,০০০/- |
| | অবশিষ্ট প্রদেয় আয়কর | টাঃ | ১২,৫০০/- |
| | **প্রদেয় সারচার্জের পরিমাণ ৫২,৫০০/- টাকার ২০%** | টাঃ | **১০,৫০০/-** |
| (৬) | একজন করদাতার নীট সম্পদ | টাঃ | ৩২,০০,০০,০০০/- |
| | মোট আয়- | টাঃ | ১০,০০,০০০/- |
| | আয়ের উপর আরোপযোগ্য আয়করের পরিমাণ | টাঃ | ৯২,৫০০/- |
| | বিনিয়োগ জনিত আয়কর রেয়াত | টাঃ | ৪০,০০০/- |
| | **বিনেয়োগ জনিত আয়কর রেয়াত বাদে প্রদেয় আয়কর** | টাঃ | **৫২,৫০০/-** |
| | অগ্রিম আয়কর পরিশোধ | টাঃ | ৪০,০০০/- |
| | অবশিষ্ট প্রদেয় আয়কর | টাঃ | ১২,৫০০/- |
| | **প্রদেয় সারচার্জের পরিমান ৫২,৫০০/- টাকার ২৫%** | টাঃ | **১৩,১২৫/-** |
| (৭) | একজন করদাতার নীট সম্পদ | টাঃ | ১২,০০,০০,০০০/- |
| | মোট আয়- | টাঃ | ৬,০০,০০০/- |
| | আয়ের উপর আরোপযোগ্য আয়করের পরিমাণ | টাঃ | ৩৫,০০০/- |
| | বিনিয়োগজনিত আয়কর রেয়াত | টাঃ | ২৭,০০০/- |
| | **বিনেয়োগজনিত আয়কর রেয়াত বাদে প্রদেয়** | টাঃ | **৮,০০০/-** |

**আয়কর**

**প্রদেয় সারচার্জের পরিমান ৮,০০০/- টাকার** টাঃ **১,২০০/-**
**১৫%**

**এক্ষেত্রে করদাতাকে ন্যূনতম ৩,০০০/- টাকা সারচার্জ প্রদান করতে হবে।**

- ***ব্যক্তি-করদাতা (individual) ব্যতীত অন্য কারো উপর এ সারচার্জ আরোপিত হবে না।***

## মোট আয়ের উপর প্রদেয় কর থেকে অগ্রিম পরিশোধিত কর সমন্বয় সাধনঃ

(ক) উৎস হতে কর্তিত/সংগৃহীত করঃ

আয় বছরে করদাতার আয় থেকে উৎসে কর কেটে রাখা হলে তা প্রচলিত রিটার্ন ফরম আইটি-১১গ এর ১৬ নং ক্রমিকে উল্লেখ করতে হবে। যেমন বেতন, ব্যাংক সুদ, গৃহ-সম্পত্তির বার্ষিক ভাড়া, পেশাগত ফি, ইত্যাদি থেকে উৎসে কেটে রাখা কর এখানে দেখাতে হবে। উৎসে কেটে রাখা করের স্বপক্ষে কর কর্তনকারী কর্তৃপক্ষের সার্টিফিকেট রিটার্নের সাথে দাখিল করতে হবে।

(খ) ধারা ৬৪/৬৮ অনুযায়ী প্রদত্ত অগ্রিম করঃ

করদাতা যদি অগ্রিম কর পরিশোধ করে থাকেন, তাহলে পরিশোধিত করের পরিমাণ উল্লেখ করতে হবে এবং চালানের কপিও সাথে দিতে হবে।

(গ) রিটার্নের ভিত্তিতে প্রদত্ত কর (ধারা ৭৪ অনুযায়ী)ঃ

রিটার্নে প্রদর্শিত মোট আয়ের ভিত্তিতে নিরূপিত প্রদেয় আয়কর হতে উৎসে কর্তিত কর এবং ৬৪ ধারায় অগ্রিম প্রদত্ত কর বিয়োগকরে অবশিষ্ট কর পরিশোধের সমর্থনে চালান, পে-অর্ডার, ব্যাংক ড্রাফট, একাউন্ট পেয়ী চেকের কপি দাখিলসহ পরিশোধিত করের পরিমাণ উল্লেখ করতে হবে।

(ঘ) প্রত্যর্পণযোগ্য করের সমন্বয়ঃ

আগের বছরগুলোতে করদাতার যদি কর ফেরত দাবী থাকে তবে তা তিনি এখানে কর পরিশোধ হিসেবে দাবী করতে পারবেন। ধরা যাক, ২০১৪-২০১৫ কর বছরে করদাতার ফেরতযোগ্য করের পরিমাণ ছিল ৫,০০০/- টাকা। ২০১৫-২০১৬ কর বছরে রিটার্নে প্রদর্শিত আয় অনুসারে প্রদেয় মোট আয়করের পরিমাণ ৮,০০০/- টাকা। এ অবস্থায় ২০১৪-২০১৫ কর বছরের ফেরতযোগ্য ৫,০০০/- টাকা ২০১৫-২০১৬ কর বছরে কর দাবীর

বিপরীতে কর পরিশোধ হিসেবে দাবী করতে পারবেন এবং ২০১৫-২০১৬ কর বছরের জন্য তাকে অবশিষ্ট ৩,০০০/- টাকা পরিশোধ করতে হবে।

(ঙ) করমুক্ত বা কর অব্যাহতি প্রাপ্ত আয়ঃ

করদাতার করমুক্ত এবং কর অব্যাহতি প্রাপ্ত আয় থাকলে তা রিটার্নের ১৮ নং ক্রমিকে দেখাতে হবে। ব্যক্তি করদাতার করমুক্ত আয়ের কয়েকটি খাত নীচে দেয়া হলোঃ

(ক) সরকারি চাকুরিজীবী করদাতা যদি চাকুরীর দায়িত্ব পালনের জন্য কোন বিশেষ ভাতা, সুবিধা বা আনুতোষিক (perquisite) পান;

(খ) পেনশন;

(গ) অংশীদারী ফার্ম হতে পাওয়া মূলধনী মুনাফার অংশ;

(ঘ) ২ কোটি ৫০ লক্ষ টাকা পর্যন্ত গ্র্যাচুইটি প্রাপ্তি;

(ঙ) প্রভিডেন্ট ফান্ড এ্যাক্ট, ১৯২৫ অনুযায়ী উক্ত ফান্ড থেকে প্রাপ্ত অর্থ;

(চ) স্বীকৃত প্রভিডেন্ট ফান্ড থেকে প্রাপ্ত অর্থ;

(ছ) স্বীকৃত সুপারএ্যানুয়েশন ফান্ড থেকে প্রাপ্ত অর্থ;

(জ) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর আওতায় কোন শ্রমিক কর্তৃক ওয়ার্কার্স পার্টিসিপেশন ফান্ড থেকে প্রাপ্ত অর্থ;

(ঝ) মিউচ্যুয়াল ফান্ড অথবা ইউনিট ফান্ড থেকে প্রাপ্ত ২৫,০০০/- টাকা পর্যন্ত আয় (সুদ, মুনাফা বা ডিভিডেন্ড);

(ঞ) স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোন কোম্পানী থেকে প্রাপ্ত নগদ লভ্যাংশ খাতের আয় ২৫,০০০/- টাকা পর্যন্ত;

(ট) সরকারি নিরাপত্তা জামানতের সুদ যা সরকার করমুক্ত বলে ঘোষণা করেছে;

(ঠ) রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি জেলার পাহাড়ী আদিবাসীর দ্বারা এই জেলাগুলোতে পরিচালিত আর্থিক কর্মকান্ডের ফলে প্রাপ্ত আয়;

(ড) রপ্তানী ব্যবসা হতে প্রাপ্ত আয়ের ৫০%;

(ঢ) আয়ের একমাত্র উৎস ‘কৃষি খাত’ হলে কৃষি খাত হতে আয় ২,০০,০০০/- টাকা পর্যন্ত;

(ণ) Software development বা Nationwide Telecommunication Transmission Network (NTTN) বা Information Technology Enabled Services (ITES) ব্যবসার আয়;

(ত) হাঁস-মুরগীর খামার হতে অর্জিত আয়। তবে এ ক্ষেত্রে অর্জিত আয় ১,৫০,০০০/- টাকা এর অধিক হলে অর্জিত আয়ের ১০% সরকারি

বন্ড ক্রয়ে বিনিয়োগ করতে হবে। এ বিধান কর বছর ২০১৫-২০১৬ এর জন্য প্রযোজ্য। ২০১৬-২০১৭ কর বছর হতে এ খাতের আয়ের করযোগ্যতার বিষয়ে ১৬/০৮/২০১৫ খ্রিস্টাব্দ তারিখে একটি পৃথক প্রজ্ঞাপন জারী করা হয়েছে;

(থ) হাঁস-মুরগী, চিংড়ী ও মাছের হ্যাচারী (hatchery) এবং মৎস্য চাষ হতে অর্জিত আয় এর ক্ষেত্রে প্রথম ১০ লক্ষ টাকা পর্যন্ত 'শূন্য' হারে, পরবর্তী ১০ লক্ষ টাকা আয়ের উপর ৫% হারে এবং অবশিষ্ট আয়ের উপর ১০% হারে কর প্রদেয় হবে;

(দ) কতিপয় ক্ষেত্র ব্যতীত ব্যক্তি-করদাতা কর্তৃক স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানীর শেয়ার বিক্রয় হতে অর্জিত মূলধনী মুনাফা;

(ধ) হস্তশিল্পজাত দ্রব্যাদি রপ্তানী থেকে উদ্ভুত আয়;

(ন) জিরো কুপন বন্ড থেকে উদ্ভুত আয়;

(প) ওয়েজ আর্নার্স ডেভেলপমেন্ট বন্ড, ইউএস ডলার প্রিমিয়াম বন্ড, ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড, পাউন্ড স্টার্লিং প্রিমিয়াম বন্ড, পাউন্ড স্টার্লিং ইনভেস্টমেন্ট বন্ড, ইউরো প্রিমিয়াম বন্ড ও ইউরো ইনভেস্টমেন্ট বন্ড হতে প্রাপ্ত সুদ আয়;

(ফ) পেনশনার সঞ্চয়পত্র থেকে প্রাপ্ত সুদ, যেখানে বছরে সর্বমোট বিনিয়োগের পরিমাণ ৫,০০,০০০/- টাকার অধিক নয়।

করমুক্ত আয়সমূহ করদাতার মোট আয়ের অন্তর্ভুক্ত হবে না। এটি রিটার্নে করমুক্ত আয়ের কলামে প্রদর্শন করতে হবে।

## মোট আয় নিরূপণ ও কর পরিগণনা

**বিভিন্ন পেশার করদাতাদের মোট আয় ও প্রদেয় আয়করের পরিমাণ কিভাবে পরিগণনা করতে হবে তা কয়েকটি উদাহরণের মাধ্যমে নিম্নে উপস্থাপন করা হলোঃ**

### ১। সরকারি কর্মকর্তা/কর্মচারীর আয় এবং কর পরিগণনা

#### (ক) শুধু বেতন খাতের আয় রয়েছে ঃ

জনাব রহমান একজন সরকারি কর্মকর্তা। ৩০ জুন, ২০১৫ তারিখে সমাপ্ত অর্থ বৎসরে তিনি নিম্নোক্ত হারে বেতন ভাতাদি পেয়েছেন।

| | |
|---|---|
| মাসিক মূল বেতন | ২২,০০০/- |
| উৎসব বোনাস ২টি (২২,০০০/- × ২) | ৪৪,০০০/- |
| চিকিৎসা ভাতা | ৭০০/- |

তিনি সরকারি বাসায় থাকেন এবং এজন্য প্রতিমাসে মূল বেতন হতে ৭.৫০% হারে কর্তন করা হয়। ভবিষ্য তহবিলে তিনি প্রতি মাসে ৩,২০০/- টাকা জমা রাখেন। হিসাব রক্ষণ অফিস হতে প্রাপ্ত প্রত্যয়নপত্র হতে দেখা যায় যে, ৩০/০৬/২০১৫ তারিখে ভবিষ্য তহবিলে অর্জিত সুদের পরিমাণ ছিল ২৯,৫০০/- টাকা। কল্যাণ তহবিলে ও গোষ্ঠী বীমা তহবিলে চাঁদা প্রদান বাবদ প্রতি মাসে বেতন হতে কর্তন ছিল যথাক্রমে ৫০/- ও ৪০/- টাকা।

২০১৫-২০১৬ করবছরে জনাব রহমান এর মোট আয় এবং করদায় কত হবে তা নিম্নে পরিগণনা করা হলোঃ

<u>বেতন খাতে আয় ঃ</u>

| | | |
|---|---|---|
| মূল বেতন (২২,০০০/- × ১২ মাস) | = | ২,৬৪,০০০/- |
| উৎসব বোনাস (২২,০০০/- × ২) | = | ৪৪,০০০/- |
| মোট আয় | = | ৩,০৮,০০০/- |

<u>কর দায় পরিগণনাঃ</u>

| | |
|---|---|
| প্রথম ২,৫০,০০০ টাকা পর্যন্ত 'শূন্য' হার | |
| অবশিষ্ট ৫৮,০০০ টাকা পর্যন্ত ১০% হারে | ৫,৮০০/- |
| মোট কর দায় = | ৫,৮০০/- |

<u>বিনিয়োগ জনিত আয়কর রেয়াত পরিগণনা</u>

বিনিয়োগের পরিমাণ

| | | |
|---|---|---|
| ১। ভবিষ্য তহবিলে চাঁদা (৩,২০০ × ১২) | = | ৩৮,৪০০/- |
| ২। কল্যাণ তহবিলে চাঁদা (৫০ × ১২) | = | ৬০০/- |
| ৩। গোষ্ঠী বীমা তহবিলে চাঁদা (৪০ × ১২) | = | ৪৮০/- |
| মোট বিনিয়োগ | = | ৩৯,৪৮০/- |

বিনিয়োগের অনুমোদন যোগ্য সর্বোচ্চ সীমা মোট আয়ের ৩০%

(৩,০৮,০০০/-× ৩০%) = ৯২,৪০০/-

প্রকৃত বিনিয়োগ ৩৯,৪৮০ টাকা অনুমোদনযোগ্য

সীমার কম বিধায় প্রকৃত বিনিয়োগের উপর ১৫%

হারে কর রেয়াত প্রযোজ্য হবে (৩৯,৪৮০ × ১৫%) = ৫,৯২২/-
গাণিতিকভাবে প্রদেয় কর = (-) ১২২/-

গাণিতিকভাবে প্রদেয় কর ঋণাত্মক হলেও করদাতার করমুক্ত সীমার অতিরিক্ত আয় থাকায় এক্ষেত্রে করদাতার অবস্থান ঢাকা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় হলে ন্যূনতম ৫,০০০/-টাকা, অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় হলে ন্যূনতম ৪,০০০/-টাকা এবং সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য এলাকায় হলে ৩,০০০/-টাকা আয়কর প্রদান করতে হবে।
একই আয় যদি কোন প্রতিবন্ধী অথবা যুদ্ধাহত মুক্তিযোদ্ধা কর্মকর্তা বা কর্মচারীর থাকে, তবে তার ক্ষেত্রে করমুক্ত আয়ের সীমা যথাক্রমে ৩,৭৫,০০০/- টাকা এবং ৪,২৫,০০০/- টাকা হওয়ায় তাকে কোন কর প্রদান করতে হবে না।

**(খ) <u>বেতনসহ অন্য খাতের আয় রয়েছে ঃ</u>**

একজন সরকারি কর্মকর্তা/কর্মচারীর বেতন খাত ছাড়াও ব্যাংক সুদ, গৃহ সম্পত্তি, লভ্যাংশ, সঞ্চয় পত্রের সুদ, ইত্যাদি খাতে আয় থাকতে পারে। ধরা যাক, ২০১৫-২০১৬ করবছরে জনাব করিম নীচে উল্লেখিত বেতন ও ভাতা পেয়েছেনঃ

| | | | |
|---|---|---|---|
| (ক) | মাসিক মূল বেতন | = | ২৫,০০০/- টাকা |
| (খ) | ২টি উৎসব বোনাস (২৫,০০০ × ২) | = | ৫০,০০০/- টাকা |
| (গ) | চিকিৎসা ভাতা | = | ৭০০/- টাকা |
| (ঘ) | শিক্ষা সহায়ক ভাতা | = | ৩০০/- টাকা |
| (ঙ) | বাড়ী ভাড়া ভাতা | = | ১২,৫০০/- টাকা |

ব্যক্তিগত ব্যবহারের জন্য তিনি অফিস হতে একটি গাড়ী বরাদ্দ পেয়েছেন। গাড়ী ব্যবহারের জন্য প্রতি মাসের বেতন হতে ৬০০/- টাকা করে কর্তন করা হয়।

এছাড়া জনাব করিম এর গৃহ সম্পত্তি খাতে ৫০,০০০/- টাকা, কৃষি খাতে ১০,০০০/- টাকা, আইসিবি ইউনিট সার্টিফিকেট হতে লভ্যাংশ প্রাপ্তি ১,৩৫,০০০/- টাকা এবং ব্যাংক সুদ খাতে ১০,০০০/- টাকা আয় রয়েছে। লভ্যাংশ ও ব্যাংক সুদের উপর ১০% হারে উৎসে আয়কর কর্তন করা হয়েছে।

জনাব করিমের মোট আয় ও করদায় পরিগণনা নিম্নে উল্লেখ করা হলোঃ

(ক) <u>বেতন খাতে আয় ঃ</u>

মূল বেতন = (২৫,০০০ × ১২) = ৩,০০,০০০/-

উৎসব ভাতা = (২৫,০০০ × ২)= ৫০,০০০/-

(খ) গৃহ সম্পত্তি আয়ঃ ৫০,০০০/-

(গ) কৃষি আয় ঃ ১০,০০০/-

(ঘ) অন্যান্য সূত্রের আয়ঃ

(অ) লভ্যাংশ ঃ

*আইসিবি ও মিউচ্যুয়াল ফান্ড হতে লভ্যাংশ প্রাপ্তি ১,৩৫,০০০/- টাকা যার মধ্যে ২৫,০০০/- টাকা পর্যন্ত কর মুক্ত। ২৫,০০০/- টাকার অতিরিক্ত অংক করযোগ্য আয় হিসেবে গণ্য হবে। তাই লভ্যাংশ আয়* (১,৩৫,০০০-২৫,০০০) = ১,১০,০০০/-

(আ) ব্যাংক সুদ = <u>১০,০০০/-</u>

অন্যান্য সূত্রের আয় = <u>১,২০,০০০/-</u>

মোট আয় = ৫,৩০,০০০/-

জনাব করিমের নিরূপিত মোট আয় ৫,৩০,০০০/- টাকার বিপরীতে প্রদেয় করের পরিমাণ এভাবে পরিগণনা করা হবেঃ

| মোট আয় | করহার | করের পরিমাণ |
|---|---|---|
| প্রথম ২,৫০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর - | শূন্য | শূন্য |
| অবশিষ্ট ২,৮০,০০০/- টাকা আয়ের উপর- | ১০% | ২৮,০০০/- |
| | মোট = | ২৮,০০০/- |

জনাব করিম প্রতি মাসে প্রভিডেন্ট ফান্ডে ২,০০০/- টাকা, কল্যাণ তহবিল ও গোষ্ঠী বীমা বাবদ মাসিক যথাক্রমে ৫০/- টাকা এবং ৪০/- টাকা চাঁদা দিয়ে থাকেন। তিনি ৪০,০০০/- টাকার তিন বছর মেয়াদী সঞ্চয়পত্র ক্রয় করেছেন এবং জীবন বীমার প্রিমিয়াম বাবদ বাৎসরিক ৩,০০০/- টাকা দিয়েছেন। এই বিনিয়োগ ও চাঁদার জন্য তিনি ১৫% হারে কর রেয়াত প্রাপ্ত হবেন যার পরিগণনা নীচে দেখানো হলোঃ

(ক) প্রভিডেন্ট ফান্ডে চাঁদা (২,০০০ × ১২ মাস) = ২৪,০০০/- টাকা

(খ) কল্যাণ তহবিল ও গোষ্ঠী বীমা তহবিলে চাঁদা

(৫০ + ৪০) টাকা × ১২ মাস = ১,০৮০/- টাকা

(গ) সঞ্চয় পত্রে বিনিয়োগ = ৪০,০০০/- টাকা

(ঘ) জীবন বীমার প্রিমিয়াম প্রদান = ৩,০০০/- টাকা

মোট = ৬৮,০৮০/- টাকা

মোট আয়ের ৩০% অথবা ১,৫০,০০,০০০/- টাকা অথবা প্রকৃত বিনিয়োগ ৬৮,০৮০/- টাকার মধ্যে যেটি কম সেটি কর রেয়াতের জন্য অনুমোদনযোগ্য বিনিয়োগের সর্বোচ্চ সীমা হিসেবে বিবেচনা করা হবে।

জনাব করিমের ক্ষেত্রে মোট আয় ৫,৩০,০০০/- এর ৩০% দাঁড়ায় ১,৫৯,০০০/- টাকা যা ১,৫০,০০,০০০/- টাকার কম বিধায় তা কর রেয়াতের জন্য বিনিয়োগের সর্বোচ্চ অনুমোদনযোগ্য সীমা হিসাবে বিবেচিত হবে। জনাব করিমের প্রকৃত বিনিয়োগের পরিমাণ ৬৮,০৮০/- টাকা। এই বিনিয়োগ অনুমোদনযোগ্য সীমার মধ্যে হওয়ার কারণে এই অংকের উপর সরাসরি ১৫% কর রেয়াত হবে। জনাব করিমের কর রেয়াত এবং নীট প্রদেয় করের পরিমাণ নিম্নরূপে পরিগণনা করতে হবে-

মোট আরোপযোগ্য কর = ২৮,০০০/- টাকা

বাদঃ কর রেয়াত (৬৮,০৮০ টাকার ১৫%) = ১০,২১২/- টাকা

প্রদেয় কর = ১৭,৭৮৮/- টাকা

বাদঃ উৎসে কর্তিত কর

(ক) ব্যাংক সুদ ১০,০০০/- এর ১০% = ১,০০০/-

(খ) লভ্যাংশ ১,৩৫,০০০/- এর ১০% = ১৩,৫০০/-

১৪,৫০০/- টাকা

নীট প্রদেয় কর = ৩,২৮৮/- টাকা

অর্থাৎ করদাতাকে অবশিষ্ট প্রদেয় কর ৩,২৮৮/- টাকা রিটার্ন দাখিলের পূর্বে পরিশোধ করতে হবে।

## ২। বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তার আয় এবং কর পরিগণনাঃ

বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত জনাব হোসেন ২০১৫-২০১৬ কর বছরে নিম্নরূপ বেতন ও ভাতা পেয়েছেনঃ

| | | | |
|---|---|---|---|
| (ক) | মাসিক মূল বেতন | = | ১৯,৩০০/- টাকা |
| (খ) | ২টি উৎসব বোনাস (১৯,৩০০ × ২) | = | ৩৮,৬০০/- টাকা |
| (গ) | চিকিৎসা ভাতা | = | ২,০০০/- টাকা |
| (ঘ) | আপ্যায়ন ভাতা | = | ৩০০/- টাকা |
| (ঙ) | বাড়ী ভাড়া ভাতা | = | ৭,৭২০/- টাকা |
| (চ) | স্বীকৃত ভবিষ্য তহবিলে নিয়োগকর্তার চাঁদা | = | ২৪,০০০/- টাকা |

ব্যক্তিগত ব্যবহারের জন্য তিনি অফিস হতে একটি গাড়ী বরাদ্দ পেয়েছেন। এছাড়া জনাব হোসেন গৃহ সম্পত্তি খাতে ৫০,০০০/- টাকা, কৃষি খাতে ১০,০০০/- টাকা, আইসিবি ইউনিট সার্টিফিকেট হতে লভ্যাংশ প্রাপ্তি ১,৩৫,০০০/- টাকা এবং ব্যাংক সুদ খাতে ১০,০০০/- টাকা আয় রয়েছে। লভ্যাংশ ও ব্যাংক সুদের উপর ১০% হারে উৎসে আয়কর কর্তন করা হয়েছে। ৩০/০৬/২০১৪ তারিখে তাঁর নীট সম্পদের পরিমাণ ২,৩০,০০,০০০/- টাকা।

জনাব হোসেনের মোট আয় নিম্নরূপভাবে নিরূপণ করতে হবেঃ

(ক) বেতন খাতে আয় ঃ

| | | | |
|---|---|---|---|
| মূল বেতন = (১৯,৩০০ × ১২) = | | ২,৩১,৬০০/- | |
| উৎসব বোনাস = (১৯,৩০০ × ২) = | | ৩৮,৬০০/- | |
| চিকিৎসা ভাতা = (২,০০০ × ১২) = | ২৪,০০০/- | | |
| বাদ মূল বেতনের ১০% অথবা বার্ষিক ১,২০,০০০/- যেটি কম (২,৩১,৬০০× ১০%) = | ২৩,১৬০/- | | |
| | | ৮৪০/- | |
| আপ্যায়ন ভাতা= (৩০০ × ১২) = | | ৩,৬০০/- | |
| বাড়ী ভাড়া ভাতা = (৭,৭২০× ১২)= | ৯২,৬৪০/- | | |
| বাদ করমুক্ত ভাতাঃ বার্ষিক ৩,০০,০০০/- বা মূল বেতনের ৫০% (২,৩১,৬০০ × ৫০%=) ১,১৫,৮০০/- এ দুটির মধ্যে যেটি কম | ১,১৫,৮০০/- | | |
| প্রাপ্ত বাড়ী ভাড়া ভাতা করমুক্ত সীমার অতিরিক্ত না হওয়ায় এখাতে কোন আয় নিরূপিত হবে না। | | শূন্য | |
| যাতায়াত সুবিধা (মূল বেতনের ৫% হিসেবে ১১,৫৮০/-অথবা ৬০,০০০/- এর মধ্যে যেটি বেশি) = | | ৬০,০০০/- | |
| স্বীকৃত ভবিষ্য তহবিলে নিয়োগকর্তার চাঁদা | | ২৪,০০০/- | |
| বেতন খাতে আয় = | | | ৩,৫৮,৬৪০/- |
| (খ) গৃহ-সম্পত্তি আয়ঃ | | | ৫০,০০০/- |
| (গ) কৃষি আয় ঃ | | | ১০,০০০/- |

(ঘ) অন্যান্য সূত্রের আয়ঃ

(অ) লভ্যাংশ ঃ

*আইসিবি ও মিউচ্যুয়াল ফান্ড হতে লভ্যাংশ প্রাপ্তি ১,৩৫,০০০/- টাকা যার মধ্যে ২৫,০০০/- টাকা পর্যন্ত কর মুক্ত। ২৫,০০০/- টাকার অতিরিক্ত অংক করযোগ্য আয় হিসেবে গণ্য হবে। তাই লভ্যাংশ আয়* (১,৩৫,০০০-২৫,০০০)= ১,১০,০০০/-

(আ) ব্যাংক সুদ = ১০,০০০/-

অন্যান্য সূত্রের আয় = ১,২০,০০০/-

মোট আয় = ৫,৩৮,৬৪০/-

জনাব হোসেন নিরূপিত মোট আয় ৫,৩৮,৬৪০/- টাকার বিপরীতে ধার্য্যকৃত করের পরিমাণ এভাবে পরিগণনা করা হবেঃ

| মোট আয় | করহার | করের পরিমাণ |
|---|---|---|
| প্রথম ২,৫০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর - | শূন্য | শূন্য |
| অবশিষ্ট ২,৮৮,৬৪০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | ১০% | ২৮,৮৬৪/- |
| | মোট = | ২৮,৮৬৪/- |

জনাব হোসেন প্রতি মাসে স্বীকৃত ভবিষ্য তহবিলে ২,০০০/- টাকা জমা করে থাকেন। তিনি ৪০,০০০/- টাকার তিন বছর মেয়াদী সঞ্চয়পত্র ক্রয় করেছেন এবং জীবন বীমার প্রিমিয়াম বাবদ বাৎসরিক ৩,০০০/- টাকা দিয়েছেন। এই বিনিয়োগ ও ভবিষ্য তহবিলে জমার জন্য তিনি ১৫% হারে কর রেয়াত প্রাপ্ত হবেন যার পরিগণনা নীচে দেখানো হলোঃ

(ক) ভবিষ্য তহবিলে চাঁদা (২,০০০ × ১২ মাস) × ২ = ৪৮,০০০/- টাকা

(খ) সঞ্চয় পত্রে বিনিয়োগ = ৪০,০০০/- টাকা

(গ) জীবন বীমার প্রিমিয়াম প্রদান = ৩,০০০/- টাকা

মোট = ৯১,০০০/- টাকা

মোট আয়ের ৩০% অথবা ১,৫০,০০,০০০/- টাকা অথবা প্রকৃত বিনিয়োগ ৯১,০০০/- টাকার মধ্যে যেটি কম সেটি কর রেয়াতের জন্য অনুমোদনযোগ্য বিনিয়োগের সর্বোচ্চ সীমা হিসাবে বিবেচনা করা হবে।

স্বীকৃত ভবিষ্য তহবিলে নিয়োগকর্তার চাঁদা ব্যতীত জনাব হোসেনের মোট আয় (৫,৩৮,৬৪০/- - ২৪,০০০/-)= ৫,১৪,৬৪০/- এর ৩০% দাঁড়ায়

১,৫৪,৩৯২/- টাকা যা ১,৫০,০০,০০০/- টাকার কম বিধায় তা কর রেয়াতের জন্য বিনিয়োগের সর্বোচ্চ অনুমোদনযোগ্য সীমা হিসাবে বিবেচিত হবে। জনাব হোসেনের প্রকৃত বিনিয়োগের পরিমাণ ৯১,০০০/- টাকা। এই বিনিয়োগ অনুমোদনযোগ্য সীমার মধ্যে হওয়ার কারণে এই অংকের উপর সরাসরি ১৫% কর রেয়াত প্রযোজ্য হবে। জনাব হোসেনের কর রেয়াত এবং নীট প্রদেয় করের পরিমাণ নিম্নরূপে পরিগণনা করতে হবে-

| | | |
|---|---|---|
| মোট আরোপযোগ্য কর | = | ২৮,৮৬৪/-টাকা |
| বাদঃ কর রেয়াত (৯১,০০০ টাকার ১৫%) | = | ১৩,৬৫০/- টাকা |
| প্রদেয় কর | = | ১৫,২১৪/- টাকা |

| | | |
|---|---|---|
| করদাতার নীট সম্পদের পরিমাণ ২,৩০,০০,০০০/- যা ২ কোটি ২৫ লক্ষ টাকার অধিক হওয়ায় প্রদেয় আয়করের ১০% হারে সারচার্জ প্রযোজ্য হবে। সারচার্জের পরিমাণ দাড়ায় (১৫,২১৪/- টাকার ১০%) ১,৫২১/- টাকা। তবে ন্যূনতম সারচার্জের পরিমাণ ৩,০০০/- টাকা। ফলে মোট প্রদেয় কর হবে (১৫,২১৪/- + ৩,০০০/-) | = | ১৮,২১৪/-টাকা |
| বাদঃ উৎসে কর্তিত কর | | |
| (ক) ব্যাংক সুদ ১০,০০০/- এর ১০% = ১,০০০/- | | |
| (খ) লভ্যাংশ ১,৩৫,০০০/- এর ১০% = ১৩,৫০০/- | | |
| | | ১৪,৫০০/- টাকা |
| নীট প্রদেয় কর | = | ৩,৭১৪/- টাকা |

## ৩। একজন এনজিও কর্মকর্তার আয় এবং কর পরিগণনা

মিজ্ সালেহা জামান হক একটি NGO তে কর্মরত রয়েছেন। তিনি ২০১৪-২০১৫ অর্থ বছরে নিম্নরূপ বেতন ভাতা পেয়েছেন ঃ

| | | |
|---|---|---|
| মাসিক মূল বেতন | = | ৩০,০০০/- টাকা |
| মাসিক বাড়ী ভাড়া ভাতা | = | ১৮,০০০/- টাকা |
| মাসিক চিকিৎসা ভাতা | = | ১,০০০/- টাকা |
| মাসিক যাতায়াত ভাতা | = | ৩,০০০/- টাকা |

তিনি প্রভিডেন্ট ফান্ডে প্রতি মাসে ২,০০০/- টাকা জমা দেন। তাঁর নিয়োগকর্তাও এ ফান্ডে সমপরিমাণ অর্থ জমা দেন। প্রভিডেন্ট ফান্ডটি অনুমোদিত নয়। তাঁর নীট সম্পদের পরিমাণ ১,৯০,০০,০০০/- টাকা।

২০১৫-২০১৬ কর বছরে মিজ্ সালেহা জামান হকের মোট আয় ও করদায় নীচে বর্ণনা করা হলোঃ

বেতন খাতে আয়ঃ

| | | | |
|---|---|---|---|
| মূল বেতন (৩০,০০০/- × ১২) | = | | ৩,৬০,০০০/- |
| বাড়ী ভাড়া ভাতা (১৮,০০০/- × ১২) | = ২,১৬,০০০/- | | |
| বাদ কর অব্যাহতি প্রাপ্ত ঃ | | | |
| মূল বেতনের ৫০% = ১,৮০,০০০/- অথবা ৩,০০,০০০/- এর | | | |
| মধ্যে যেটি কম | = | ১,৮০,০০০/- | |
| করযোগ্য বাড়ীভাড়া ভাতা | = | | ৩৬,০০০/- |
| চিকিৎসা ভাতা (১,০০০ × ১২) | = | ১২,০০০/- | |
| বাদ মূল বেতনের ১০% অথবা বার্ষিক ১,২০,০০০/- যেটি কম | = | ৩৬,০০০/- | |
| | | | শূন্য |
| যাতায়াত ভাতা (৩,০০০/- × ১২) | = | ৩৬,০০০/- | |
| বাদঃ | | ৩০,০০০/- | ৬,০০০/- |
| বেতন খাতে আয় | = | | ৪,০২,০০০/- |
| মোট আয় | = | | ৪,০২,০০০/- |

করদায় পরিগণনা

| | | |
|---|---|---|
| প্রথম ৩,০০,০০০/- টাকা পর্যন্ত | | শূন্য |
| অবশিষ্ট ১,০২,০০০/- টাকা পর্যন্ত ১০% হারে | | ১০,২০০/- |
| প্রদেয় কর | = | ১০,২০০/- |

করদাতার প্রভিডেন্ট ফান্ডটি অনুমোদিত না হওয়ায় ফান্ডে করদাতা ও নিয়োগকর্তার প্রদানকৃত চাঁদার জন্য কোন আয়কর রেয়াত প্রযোজ্য হবে না।
করদাতার নীট সম্পদের পরিমাণ ১,৯০,০০,০০০/- টাকা যা সারচার্জ আরোপের লক্ষ্যে নীট সম্পদের সর্বোচ্চ সীমা ২ কোটি ২৫ লক্ষ টাকার কম হওয়ায় প্রদেয় করের উপর কোন সারচার্জ আরোপিত হবে না।

**৪। একজন শিক্ষকের আয় এবং কর পরিগণনাঃ**

জনাব আব্দুল জব্বার বেসরকারি ইংরেজী মাধ্যমের একটি বিদ্যালয়ে শিক্ষকতা করেন। ৩০ জুন, ২০১৫ তারিখ পর্যন্ত সময়ে বিগত ১২ মাসে তার আয় ছিল নিম্নরূপঃ

| বেতন খাতঃ | |
|---|---|
| মাসিক মূল বেতন | ৩০,০০০/- টাকা |
| বাড়ী ভাড়া ভাতা | ১২,৭৫০/- টাকা |
| চিকিৎসা ভাতা | ১,০০০/- টাকা |
| উৎসব বোনাস- | দু'টি মূল বেতনের সমান। |

এছাড়া, তিনি প্রতি মাসে অনুমোদিত প্রভিডেন্ট ফান্ডে চাঁদা প্রদান করেন ৩,০০০/- টাকা। নিয়োগকারী কর্তৃপক্ষও সমপরিমাণ অংক উক্ত তহবিলে জনাব আব্দুল জব্বারের পক্ষে চাঁদা দিয়ে থাকেন।

জনাব আব্দুল জব্বার প্রাইভেট টিউশনী থেকেও উপার্জন করে থাকেন। তিনি মাসে মোট ০৬ (ছয়) ব্যাচে ছাত্র পড়ান। প্রতি ব্যাচে ছাত্র সংখ্যা ০৬ (ছয়) জন। প্রতি ছাত্র থেকে তিনি সম্মানী গ্রহণ করেন মাসিক ৪,০০০/- টাকা। তিনি নিজের বাসাতেই ছাত্র পড়ান। ৩০ জুন, ২০১৫ তারিখে করদাতার নীট সম্পদের পরিমাণ ছিল ২,৩০,০০,০০০/- টাকা।

২০১৫-২০১৬ করবছরে করদাতার মোট আয় ও প্রদেয় করের পরিমাণ নিম্নরূপ ঃ

| বেতন খাতঃ | | |
|---|---|---|
| মাসিক মূল বেতন (৩০,০০০× ১২) | | ৩,৬০,০০০/- |
| বাড়ী ভাড়া ভাতা (১২,৭৫০ × ১২) | ১,৫৩,০০০/- | |
| বাদঃ করমুক্ত (মূল বেতনের ৫০%) | ১,৮০,০০০/- | শূন্য |
| চিকিৎসা ভাতা (১,০০০×১২) | ১২,০০০/- | |
| বাদঃ মূল বেতনের ১০% অথবা বার্ষিক ১,২০,০০০/-, যেটি কম | ৩৬,০০০/- | শূন্য |
| উৎসব বোনাস (৩০,০০০×২) | | ৬০,০০০/- |
| অনুমোদিত প্রভিডেন্ট ফান্ডে নিয়োগকর্তার চাঁদা (৩,০০০× ১২) | | ৩৬,০০০/- |
| | বেতন খাতে আয় = | ৪,৫৬,০০০/- |

অন্যান্য উৎস খাতে আয়ঃ

| | |
|---|---|
| টিউশনী থেকে প্রাপ্ত আয় (৬ ব্যাচ × ৬ জন × ৪০০০ × ১২ মাস) | ১৭,২৮,০০০/- |
| মোট আয় = | ২১,৮৪,০০০/- |

করদায় পরিগণনা

| | | |
|---|---|---|
| (ক) প্রথম ২,৫০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর - | | শূন্য |
| (খ) পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | ১০% | ৪০,০০০/- |
| (গ) পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | ১৫% | ৭৫,০০০/- |
| (ঘ) পরবর্তী ৬,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর | ২০% | ১,২০,০০০/- |
| (ঙ) অবশিষ্ট ৪,৩৪,০০০/- টাকা মোট আয়ের উপর ---- | ২৫% | ১,০৮,৫০০/- |
| | প্রদেয় কর = | ৩,৪৩,৫০০/- |

কর রেয়াতঃ

প্রভিডেন্ট ফান্ডটি অনুমোদিত হওয়ায় করদাতা ও নিয়োগকর্তার চাঁদার উপর করদাতা আয়কর রেয়াত পাবেন। এক্ষেত্রে বার্ষিক মোট চাঁদা (৬,০০০×১২) = ৭২,০০০/- টাকার উপর ১৫% অর্থাৎ ১০,৮০০/- টাকা কর রেয়াত হিসাবে প্রদেয় কর হতে বাদ যাবে। ফলে নীট প্রদেয় করের পরিমাণ হবে (৩,৪৩,৫০০-১০,৮০০) = ৩,৩২,৭০০/- টাকা।

করদাতার নীট সম্পদের পরিমাণ ২ কোটি ৩০ লক্ষ টাকা যা সারচার্জ আরোপের লক্ষ্যে নীট সম্পদের সর্বোচ্চ সীমা ২ কোটি ২৫ লক্ষ টাকার অধিক হওয়ায় নীট প্রদেয় কর ৩,৩২,৭০০/- টাকার উপর ১০% হারে সারচার্জ বাবদ (৩,৩২,৭০০ × ১০%) = ৩৩,২৭০/- টাকা অতিরিক্ত কর প্রদেয় হবে। ফলে করদাতাকে মোট আয়কর প্রদান করতে হবে (৩,৩২,৭০০/- + ৩৩,২৭০/-) = ৩,৬৫,৯৭০/- টাকা।

**৫। একজন শিল্পীর আয় এবং কর পরিগণনাঃ**

মিজ্ সেলিনা খাতুন একজন কণ্ঠশিল্পী। তাঁর নিজস্ব একটি গানের দল রয়েছে। বিভিন্ন অনুষ্ঠানে তিনি তাঁর দল নিয়ে গান পরিবেশনের মাধ্যমে আয় করে থাকেন। ২০১৪-২০১৫ অর্থ বছরে তাঁর আয় ও ব্যয়ের পরিসংখ্যান ছিল এ রকমঃ

বিভিন্ন অনুষ্ঠানে সংগীত পরিবেশনের মাধ্যমে প্রাপ্তি ছিল- ১০,০০,০০০/-

তাঁর নিজস্ব দলে ৩জন সহশিল্পী, ৩ জন যন্ত্রশিল্পী, ২ জন তবলচী রয়েছে। তাদেরকে বেতন বাবদ প্রদান করা হয়েছিলঃ

বেতন খাতঃ

| | | |
|---|---|---|
| ৩ জন সহশিল্পী---- | ৩ × ৬০০০ × ১২ মাস | ২,১৬,০০০/- |
| ৩ জন যন্ত্রশিল্পী--- | ৩ × ৫০০০ × ১২ মাস | ১,৮০,০০০/- |
| ২ জন তবলচী---- | ২ × ৩০০০ × ১২ মাস | ৭২,০০০/- |

শিল্পীদের ড্রেস ও যাতায়াত বাবদ খরচ ছিল যথাক্রমে ১৫,০০০/- টাকা ও ২,০০০/- টাকা।

২০১৫-২০১৬ করবছরে মিজ্ সেলিনা খাতুন এর মোট আয় ও প্রদেয় আয়কর হবে নিম্নরূপঃ

| | | | |
|---|---|---|---|
| সংগীত পরিবেশন হতে গ্রস প্রাপ্তি- | | | ১০,০০,০০০/- |
| বাদ ব্যয়সমূহঃ | | | |
| ১। বেতন বাবদ | | | |
| সহশিল্পী -------- | ২,১৬,০০০/- | | |
| যন্ত্রশিল্পী -------- | ১,৮০,০০০/- | | |
| তবলচী --------- | ৭২,০০০/- | | |
| | | ৪,৬৮,০০০/- | |
| ২। ড্রেস ও যাতায়াত -- | | ১৭,০০০/- | |
| | | | ৪,৮৫,০০০/- |
| | | মোট আয় = | ৫,১৫,০০০/- |

করদায় পরিগণনা

| | | |
|---|---|---|
| (ক) প্রথম ৩,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর -- | | শূন্য |
| (খ) পরবর্তী ২,১৫,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর -- | ১০% | ২১,৫০০/- |
| | মোট প্রদেয় কর = | ২১,৫০০/- |

**৬। একজন চিকিৎসকের আয় এবং কর পরিগণনাঃ**

জনাব আব্দুল কাদের একটি বেসরকারি হাসপাতালে মেডিসিন বিভাগের প্রধান হিসেবে নিয়োজিত। তিনি ৩০/০৬/২০১৫ তারিখে সমাপ্ত বছরে নীচে দেয়া বেতন ভাতা পেয়েছেনঃ

<u>বেতন খাত</u>ঃ

| | |
|---|---|
| মাসিক মূল বেতন | ২৫,৬০০/- টাকা |
| বাড়ী ভাড়া ভাতা | ১২,০২০/- টাকা |
| চিকিৎসা ভাতা | ৫০০/- টাকা |
| উৎসব ভাতা দু'টি মূল বেতনের সমপরিমাণ | ৫১,২০০/- টাকা |

তিনি স্বীকৃত ভবিষ্য তহবিলে চাঁদা প্রদান করেন মাসিক ৫,০০০/- টাকা। নিয়োগকর্তাও সমপরিমান চাঁদা প্রদান করেন। স্বীকৃত ভবিষ্য তহবিলের জমা হতে বছরে সুদ অর্জিত হয়েছে ২০,০০০/- টাকা। তিনি একটি তফসিলি ব্যাংকের ডিপোজিট পেনশন স্কীমে (ডিপিএস) মাসিক ৬,০০০/- টাকা হিসেবে জমা প্রদান করেছেন। তিনি স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানীর শেয়ার ক্রয়ে ১০,০০,০০০/- টাকা বিনিয়োগ করেছেন। এছাড়া তিনি ৫,০০,০০০/- টাকার সঞ্চয়পত্র ক্রয় করেছেন।

করদাতা প্রাইভেট প্রাকটিস করে থাকেন। তিনি প্রতিদিন গড়ে ১০ জন নতুন রোগী ও ৩০ জন পুরাতন রোগী দেখেন। নতুন রোগীর ফি ৫০০/- টাকা ও পুরাতন রোগীর ফি ৩০০/- টাকা। করদাতা পেশাখাতের জন্য কোন খাতাপত্র সংরক্ষণ করেন না।

২০১৫-২০১৬ করবছরে জনাব আব্দুল কাদের এর মোট আয় ও আয়কর পরিগণনা নীচে দেখানো হলঃ

<u>বেতন খাত</u>ঃ

| | | |
|---|---|---|
| বার্ষিক মূল বেতন (২৫,৬০০/- × ১২) | | ৩,০৭,২০০/- |
| উৎসব ভাতা (২৫,৬০০/-×২) | | ৫১,২০০/- |
| বাড়ী ভাড়া ভাতা (১২,০২০/- × ১২) | ১৪৪,২৪০/- | |
| <u>বাদ</u> করমুক্ত মূল বেতনের ৫০% | <u>১৫৩,৬০০/-</u> | 'শূন্য' |
| চিকিৎসা ভাতা (৫০০ × ১২) | ৬,০০০/- | |
| বাদ মূল বেতনের ১০% অথবা বার্ষিক ১,২০,০০০/-, যেটি কম | <u>৬,০০০/-</u> | 'শূন্য' |
| স্বীকৃত ভবিষ্য তহবিলে | | |

| | | |
|---|---|---|
| নিয়োগকর্তার চাঁদা (৫০০০ × ১২ মাস) | | ৬০,০০০/- |
| স্বীকৃত ভবিষ্য তহবিলের অর্জিত সূদ | ২০,০০০/- | |
| বাদ করমুক্ত (মূল বেতনের ১/৩ অংশ অথবা ১৪.৫%, এ দুয়ের মধ্যে যেটি কম) | ২০,০০০/- | 'শূন্য' |
| বেতন খাতে আয় = | | ৪,১৮,৪০০/- |

পেশা খাতে আয়ঃ

| | | | |
|---|---|---|---|
| নতুন রোগী (১০জন × ৩০০দিন × ৫০০টাকা) | ১৫,০০,০০০/- | | |
| পুরাতন রোগী (৩০জন × ৩০০দিন × ৩০০টাকা) | ২৭,০০,০০০/- | | |
| মোট প্রাপ্তি = | | ৪২,০০,০০০/- | |
| বাদঃ পেশার সাথে সংশ্লিষ্ট খরচ (হিসাব সংরক্ষণ করেন না বিবেচনায় আনুমানিক ১/৩ অংশ) | | ১৪,০০,০০০/- | |
| পেশা খাতে নীট আয় = | | | ২৮,০০,০০০/- |
| মোট আয় = | | | ৩২,১৮,৪০০/- |

করদায় পরিগণনা

| | | |
|---|---|---|
| (ক) প্রথম ২,৫০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর --- | | শূন্য |
| (খ) পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর -- | ১০% | ৪০,০০০/- |
| (গ) পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর -- | ১৫% | ৭৫,০০০/- |
| (ঘ) পরবর্তী ৬,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর -- | ২০% | ১,২০,০০০/- |
| (ঙ) অবশিষ্ট ১৪,৬৮,৪০০/- টাকা আয়ের উপর ---------- | ২৫% | ৩,৬৭,১০০/- |
| প্রদেয় কর = | | ৬,০২,১০০/- |

বাদ কর রেয়াতঃ

বিনিয়োগঃ

| | |
|---|---|
| স্বীকৃত ভবিষ্য তহবিলে বার্ষিক চাঁদা (৫০০০ × ১২মাস) × ২ | ১,২০,০০০/- |
| ডিপিএস -এ বার্ষিক জমা (৬,০০০ × ১২) = ৭২,০০০/- কিন্তু সর্বোচ্চ অনুমোদনযোগ্য সীমা ৬০,০০০/- টাকা | ৬০,০০০/- |
| সঞ্চয়পত্র ক্রয় ---------------------- | ৫,০০,০০০/- |
| ষ্টক এক্সচেঞ্জে তালিকাভূক্ত কোম্পানীর শেয়ারে বিনিয়োগ | ১০,০০,০০০/- |
| মোট প্রকৃত বিনিয়োগ = | ১৬,৮০,০০০/- |

বিনিয়োগের সর্বোচ্চ সীমাঃ

মোট আয় হতে স্বীকৃত ভবিষ্য তহবিলে নিয়োগকর্তার চাঁদা ব্যতীত মোট আয় ( ৩২,১৮,৪০০/- - ৬০,০০০/-) = ৩১,৫৮,৪০০/-টাকার ৩০% ৯,৪৭,৫২০/-

অথবা ১,৫০,০০,০০০/-

অথবা প্রকৃত বিনিয়োগ ১৬,৮০,০০০/-

এর মধ্যে যেটি কম

অর্থ্যাৎ ৯,৪৭,৫২০/- এর উপর ১৫% হারে কর রেয়াত প্রযোজ্য হবে ১,৪২,১২৮/-

নীট প্রদেয় কর = ৪,৫৯,৯৭২/-

৭। **একজন ব্যবসায়ীর আয় এবং কর পরিগণনাঃ**

জনাব রশিদ, বয়স ৬৬ বছর, একটি ডিপার্টমেন্টাল স্টোরের মালিক। ৩০/০৬/২০১৫ তারিখে সমাপ্ত বছরের হিসাব বিবরণীতে তিনি এই তথ্য প্রদান করেনঃ

| | |
|---|---|
| বিক্রয় | ১,২০,০০,০০০/- টাকা |
| গ্রস মুনাফা | ১৮,০০,০০০/- টাকা |
| লাভ-ক্ষতি হিসাবের বিভিন্ন খাতে খরচ দাবী | ১০,০০,০০০/- টাকা |
| নীট মুনাফা = | ৮,০০,০০০/- টাকা |

এ বছরে তিনি ৩০,০০০/- টাকা অগ্রিম আয়কর পরিশোধ করেছেন এবং ১,২০,০০০/- টাকার সঞ্চয়পত্র ক্রয় করেছেন।

২০১৫-২০১৬ কর বছরে করদাতার ৮,০০,০০০/- টাকা মোট আয়ের উপর প্রদেয় করের পরিমাণ নিম্নরূপে পরিগণনা কর হলোঃ

| | | |
|---|---|---|
| করদায় পরিগণনা (৬৫ বছরের উর্ধ্বের পুরুষ করদাতাদের করমুক্ত আয়ের সীমা ৩,০০,০০০/-) | | |
| (ক) প্রথম ৩,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর --- | | শূন্য |
| (খ) পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর - | ১০% | ৪০,০০০/- |
| (গ) অবশিষ্ট ১,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর - | ১৫% | ১৫,০০০/- |
| | প্রদেয় কর = | ৫৫,০০০/- |

বাদ কর রেয়াতঃ

বিনিয়োগঃ

| | | |
|---|---|---|
| সঞ্চয়পত্র ক্রয় | ১,২০,০০০/- | |
| বিনিয়োগের সর্বোচ্চ সীমাঃ মোট আয়ের ৩০% ২,৪০,০০০/- অথবা ১,৫০,০০,০০০/- অথবা প্রকৃত বিনিয়োগ ১,২০,০০০/- টাকা এর মধ্যে যেটি কম অর্থাৎ ১,২০,০০০/- টাকা বিনিয়োগের উপর ১৫% হারে কররেয়াত প্রযোজ্য হবে - | | ১৮,০০০/- |
| | নীট প্রদেয় কর = | ৩৭,০০০/- |
| | বাদঃ অগ্রিম পরিশোধিত কর = | ৩০,০০০/- |
| | রিটার্নের সাথে পরিশোধযোগ্য কর = | ৭,০০০/- |

# পঞ্চম ভাগঃ পরিসম্পদ, দায় ও ব্যয় বিবরণী (statement of assets and liabilities) এবং জীবনযাত্রার মান সম্পর্কিত তথ্য বিবরণী

## পরিসম্পদ, দায় ও ব্যয় বিবরণী (ফরম আইটি-১০বি, আইটি-১০বিবিবি ও আইটি-১০বিবিবিবি)

**আইটি-১০বিঃ** যে সকল করদাতা প্রচলিত রিটার্ন ফরম অর্থাৎ আইটি-১১গ এর মাধ্যমে আয়কর রিটার্ন দাখিল করবেন তাদের ক্ষেত্রে এ বিবরণীটি প্রযোজ্য হবে।

**আইটি-১০বিবিবিঃ** যে সকল বেতনভুক করদাতা সহজীকৃত রিটার্ন ফরম অর্থাৎ আইটি-১১ঙ এর মাধ্যমে আয়কর রিটার্ন দাখিল করবেন তাদের ক্ষেত্রে এ বিবরণীটি প্রযোজ্য হবে।

**আইটি-১০বিবিবিবি** ঃ ব্যবসা বা পেশার ক্ষেত্রে ৩ লক্ষ টাকা পর্যন্ত আয় বিশিষ্ট করদাতাদের মধ্যে যে সকল করদাতা সহজীকৃত রিটার্ন ফরম অর্থাৎ আইটি-১১চ এর মাধ্যমে আয়কর রিটার্ন দাখিল করবেন তাদের ক্ষেত্রে এ বিবরণীটি প্রযোজ্য হবে।

ব্যক্তি-করদাতার সম্পদের পরিমাণ যা-ই হোক না কেন তাঁকে সম্পদ ও দায়ের বিবরণী এবং জীবন যাত্রার মান সম্পর্কিত তথ্য বিবরণী পূরণ করতে হবে। যে সকল করদাতা প্রচলিত রিটার্ন ফরমের (আইটি-১১গ) মাধ্যমে তাঁদের আয়কর রিটার্ন দাখিল করবেন সে সকল করদাতা আইটি ১০বি, যে সকল বেতনভুক করদাতা আইটি-১১ঙ এর মাধ্যমে আয়কর রিটার্ন দাখিল করবেন সে সকল করদাতা আইটি-১০বিবিবি এবং যে সকল পেশাজীবি বা ব্যবসায়ী করদাতা আইটি- ১১চ এর মাধ্যমে আয়কর রিটার্ন দখিল করবেন সে সকল করদাতা আইটি-১০বিবিবিবি পূরণের মাধ্যমে তাঁদের সম্পদ ও দায়ের বিবরণী দাখিল করবেন।

আয় বছরের শেষ তারিখে (যেমন ২০১৫-২০১৬ কর বছরের জন্য ৩০/০৬/২০১৫ ইং তারিখে) যে সম্পদ ও দায় রয়েছে করদাতাকে তা সম্পদ ও দায় বিবরণীতে দেখাতে হবে। করদাতা তাঁর নিজের, তাঁর স্ত্রী বা স্বামী (তাঁরা রিটার্ন দাখিলকারী না হলে) বা নাবালক সন্তানের যাবতীয় পরিসম্পদ ও দায়, সম্পদ ও দায় বিবরণীতে দেখাবেন।

সম্পদ ও দায়ের বিবরণীতে দেখানো কোন সম্পদ কিভাবে অর্জিত হয়েছে তার ব্যাখ্যা থাকতে হবে। অর্থাৎ কোন সম্পদ কেনা হয়ে থাকলে ক্রয়মূল্য বাবদ পরিশোধিত অর্থের উৎস সম্পর্কে তথ্য দিতে হবে। করদাতা যদি কোন সম্পদ দান হিসেবে পেয়ে থাকেন তাহলে দানকারীর নাম, ঠিকানা ও ই-টিআইএন উল্লেখ করতে

হবে এবং দানের স্বপক্ষে প্রমানদি দাখিল করতে হবে। করদাতা নিজেও যদি কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে দান করেন বা ঋণ দিয়ে থাকেন, তাহলে যিনি দান বা ঋণ গ্রহণ করেছেন তাঁর নাম, ঠিকানা এবং টিআইএন উল্লেখ করতে হবে।

করদাতা যদি কোন ব্যাংক, প্রতিষ্ঠান বা কোন ব্যক্তির কাছ থেকে ঋণ নিয়ে থাকেন তাহলে তা সম্পদ ও দায়ের বিবরণীর ”বাদঃ দায়সমূহ” অথবা ইংরেজী ফরমের "Less:Liabilities" অংশে দেখাতে হবে।

সম্পদ, দায় ও ব্যয় বিবরণী পূরণের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়গুলি পালন করতে হবেঃ

- সম্পদ বিক্রয় বা হস্তান্তর বা নষ্ট না হওয়া পর্যন্ত তার ক্রয় বা অর্জিত মূল্যে প্রদর্শন করে যেতে হবে;
- নতুন সম্পদ ক্রয় করলে তার ক্রয়মূল্য প্রদর্শন করতে হবে;
- সম্পদ অর্জন করলে (দান বা উত্তরাধিকার সূত্রে) অর্জনকালীন সময়ের আনুমানিক বাজারমূল্য প্রদর্শন করতে হবে;

যে কোন সম্পদ তা ক্রয় বা অন্য যে কোনভাবে অর্জিত হোক না কেন তা সম্পদ বিবরণীতে ঘোষণা করা না হলে আয়কর আইন অনুযায়ী তা গোপনকৃত সম্পদ হিসেবে গণ্য হবে।

সম্পদের মোট পরিবৃদ্ধি অর্থাৎ সম্পদের পরিবৃদ্ধি অংশে প্রাপ্ত অংকের সাথে পারিবারিক ব্যয় যোগ করে যে যোগফল পাওয়া যাবে তা "মোট সম্পদ পরিবৃদ্ধি" অংশে দেখাতে হবে। অপরপক্ষে সম্পদের পরিবৃদ্ধি ঋণাত্বক হলে তা থেকে পারিবারিক ব্যয় বিয়োগ করে যে পার্থক্য পাওয়া যাবে তা "মোট সম্পদ পরিবৃদ্ধি" অংশে দেখাতে হবে।

”অর্জিত তহবিল” অংশে বিবেচনাধীন কর বছরে রিটার্ণে প্রদর্শিত আয়, কর অব্যাহতি প্রাপ্ত ও করমুক্ত আয় এবং অন্য কোন প্রাপ্তি থাকলে দেখাতে হবে।

"পার্থক্য" বলতে "সম্পদের মোট পরিবৃদ্ধি" এবং "অর্জিত তহবিল সমূহ" এর যোগফলের পার্থক্য বুঝানো হয়েছে। সাধারণভাবে অর্জিত তহবিলের যোগফল দ্বারা সম্পদের মোট পরিবৃদ্ধির সংকুলান হতে হবে। সম্পদের পরিবৃদ্ধি অর্জিত তহবিলের চাইতে বেশী হলে এবং তার কোন সন্তোষজনক ব্যাখ্যা না থাকলে সম্পদের এই অতিরিক্ত অংক করদাতার হাতে অব্যাখ্যায়িত আয় হিসেবে করযোগ্য হবে।

# জীবনযাত্রার মান সম্পর্কিত তথ্য বিবরণী বা ফরম আইটি-১০বিবি পূরণের নিয়ম

- যে সকল করদাতা প্রচলিত রিটার্ন ফরম অর্থাৎ আইটি-১১গ এর মাধ্যমে আয়কর রিটার্ন দাখিল করবেন তাদের ক্ষেত্রে এ বিবরণীটি প্রযোজ্য হবে।
- যে সকল বেতনভুক করদাতা এবং স্বল্প আয়বিশিষ্ট পেশাজীবী ও ব্যবসায়ী করদাতা সহজীকৃত রিটার্ন ফরম অর্থাৎ আইটি-১১ঙ ও আইটি-১১চ এর মাধ্যমে আয়কর রিটার্ন দাখিল করবেন তাদের ক্ষেএে এ বিবরণীটি প্রযোজ্য হবে না।

এই বিবরণীতে করদাতার নাম, টিআইএন এবং আয় বছরে জীবনযাত্রার বিভিন্ন বিষয়ের খরচ উল্লেখ করতে হবে। রিটার্নের এ সংক্রান্ত ছকটি পূরণের নিয়ম নীচে বর্ণনা করা হলো-

ক্রমিক নং-১ঃ এই ঘরে করদাতা ও তার পরিবারের নির্ভরশীল সদস্যদের ভরণ পোষণ বাবদ খরচের অংকটি লিখতে হবে।

ক্রমিক নং-২ঃ এই ঘরে উৎসে কেটে নেয়া কর এবং নিজে জমা দেয়া বা পরিশোধ করা করের পরিমাণ লিখতে হবে। একই সাথে আয় বছরের মধ্যে অন্য কোন কর বছরের কর পরিশোধ করা হলে তা উল্লেখ করতে হবে।

ক্রমিক নং-৩ঃ এই ঘরে বাড়ী ভাড়া বাবদ খরচের অংক লিখতে হবে। ভাড়া বাড়ী না হলে মন্তব্যের ঘরে নিজের বাড়ী, পিতার বাড়ী, নিয়োগ কর্তা প্রদত্ত বাড়ী অথবা অন্য কারো হলে সে তথ্য লিখতে হবে। নিজ বাড়ীর রক্ষণাবেক্ষণ ব্যয় ( যেমন পৌরকর, সার্ভিস চার্জ ইত্যাদি) যদি থাকে তবে তা এখানে লিখতে হবে।

ক্রমিক নং-৪ঃ এই ঘরে যানবাহন বিষয়ে যাবতীয় ব্যয় যেমন-জ্বালানী, রক্ষণাবেক্ষণ, ড্রাইভারের বেতন ইত্যাদি খাতে ব্যয়ের মোট পরিমাণ লিখতে হবে।

ক্রমিক নং-৫ঃ এই ঘরে বিদ্যুৎ বিল বাবদ পরিশোধিত অংকের পরিমাণ লিখতে হবে।

| | |
|---|---|
| ক্রমিক নং-৬ঃ | এই ঘরে আবাসিক পানির বিল বাবদ পরিশোধিত অংকের পরিমাণ লিখতে হবে। |
| ক্রমিক নং-৭ঃ | এই ঘরে আবাসিক গ্যাস বিল বাবদ পরিশোধিত অংকের পরিমাণ লিখতে হবে। |
| ক্রমিক নং-৮ঃ | এই ঘরে আবাসিক টেলিফোন বিল বাবদ পরিশোধিত অংকের পরিমাণ লিখতে হবে। |
| ক্রমিক নং-৯ঃ | এই ঘরে সন্তানদের লেখাপড়া বাবদ যে পরিমাণ খরচ হয়েছে তা লিখতে হবে। |
| ক্রমিক নং-১০ঃ | করদাতা নিজ ব্যয়ে বিদেশ ভ্রমণ করে থাকলে বিদেশ ভ্রমণ বাবদ যাবতীয় খরচ এই ঘরে লিখতে হবে। |
| ক্রমিক নং-১১ঃ | বিভিন্ন উৎসব যেমন-বিয়ে, জন্মদিন ইত্যাদি বাবদ কোন খরচ অর্থাৎ উপরের ক্রমিক ১ হতে ১০ এ বর্ণিত ব্যয়ের বাইরে অন্য কোন হয়ে থাকলে সে খরচ, চিকিৎসা খরচ এবং কাউকে অর্থ দান (gift) করা হয়ে থাকলে সে দানের অংক এ ঘরে লিখতে হবে। |

জীবনযাত্রার মান সম্পর্কিত তথ্য বিবরণী বা ফরম আইটি-১০বিবিতে উল্লিখিত খরচসমূহের যোগফল রিটার্ন ফরমের ১৫(ক) নং ক্রমিকে উল্লেখ করতে হবে।

- বেতনভুক করদাতাদের মধ্যে যারা আইটি-১১ঙ এবং ব্যবসা বা পেশার আয়ের ক্ষেত্রে যারা আইটি-১১চ এর মাধ্যমে আয়কর রিটার্ন দাখিল করবেন তাদের জন্য জীবনযাত্রার মান সম্পর্কিত তথ্য বিবরণী বা ফরম আইটি-১০বিবি দাখিল বাধ্যতামূলক নয়।

## টিআইএন ফরম কিভাবে পূরণ করতে হবে

জাতীয় রাজস্ব বোর্ডের আয়কর বিভাগে নতুন করদাতা হিসেবে নিবন্ধিত হওয়ার জন্য করদাতা সনাক্তকরণ নম্বর (TIN) অনলাইনে গ্রহণের সুযোগ রয়েছে। এ সংক্রান্ত ওয়েবসাইট www.incometax.gov.bd এ বর্ণিত নির্দেশনা অনুসরণ করে একজন ব্যক্তি-করদাতা জাতীয় পরিচয় পত্র (NID) সহ কিছু প্রয়োজনীয় তথ্য সরবরাহ করে যে কোন স্থান থেকে TIN নিবন্ধন করে এরূপ e-TIN সনদ খুব অল্প

সময়ের মধ্যে সংগ্রহ করতে পারবেন। এ বিষয়ে পরবর্তী অধ্যায়ে বিস্তারিত বর্ণনা করা হয়েছে।

অনলাইনের মাধ্যমে কোন কারণে e-TIN গ্রহণে সমর্থ না হলে একজন ব্যক্তি করদাতা ম্যানুয়াল পদ্ধতিতেও সংশ্লিষ্ট আয়কর সার্কেল বা কর তথ্য ও সেবা কেন্দ্রের সহায়তায় করদাতা হিসেবে নিবন্ধিত হতে পারবেন। এ' জন্য কোন ব্যক্তিকে নতুন করদাতা হিসেবে টিআইএন প্রাপ্তির জন্য প্রথমেই দুই প্রস্থ টিআইএন ফরম পূরণ করে সংশ্লিষ্ট আয়কর সার্কেল বা সেবা কেন্দ্রে দাখিল করতে হবে। পরিশিষ্ট 'ঙ'-তে নমুনা টিআইএন ফরম দেয়া হয়েছে। ইংরেজীতে এবং বড় অক্ষর (Capital Letter) দ্বারা এই ফরমটি পূরণ করতে হবে। প্রতিটি ঘরে একটি করে অক্ষর লিখতে হবে এবং প্রতিটি শব্দের পরে একটি ঘর ফাঁকা রাখতে হবে। ইতোপূর্বে অন্য কোন আয়কর সার্কেল হতে টিআইএন গ্রহণ করেননি এবং প্রদত্ত তথ্য সঠিক রয়েছে এই প্রতিপাদনসহ আবেদনকারীকে স্বাক্ষর করতে হবে।

টিআইএন ফরমের সাথে নিম্নলিখিত দলিলাদি সংযোজন করতে হবেঃ

- আবেদনকারীর পাসপোর্ট সাইজের দুই কপি ছবি;
- জাতীয় পরিচয়পত্র/পাসপোর্টের সত্যায়িত ফটোকপি;
- ছবি বা অন্যান্য কাগজপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা, ওয়ার্ড কমিশনার অথবা যে কোন টিআইএনধারী করদাতা কর্তৃক সত্যায়িত হতে হবে।

টিআইএন আবেদন ফরমের দ্বিতীয় পৃষ্ঠায় আবেদনকারীর স্বাক্ষরের জায়গার নীচের অংশটুকু সংশ্লিষ্ট আয়কর সার্কেল পূরণ করবে।

# ষষ্ঠ ভাগঃ ‘e-TIN পদ্ধতি’

## ‘e-TIN পদ্ধতি’ এর মাধ্যমে কিভাবে Registration/Re-registration পূর্বক টিআইএন গ্রহণ করবেন

জাতীয় রাজস্ব বোর্ড ১ জুলাই ২০১৩ হতে পুরোনো ১০ (দশ) ডিজিটের টিআইএনের পরিবর্তে নতুন ১২ (বার) ডিজিটের টিআইএন প্রবর্তন করেছে। নব প্রবর্তিত **‘e-TIN পদ্ধতি’ তে** ইন্টারনেটের মাধ্যমে পুরোনো করদাতাগণ Re-registration এবং নতুন করদাতাগণ Registration এর মাধ্যমে ১২ (বার) ডিজিটের টিআইএন গ্রহণ করতে পারবেন। **‘e-TIN পদ্ধতি’** তে টিআইএন গ্রহণের জন্য করদাতাদের জাতীয় রাজস্ব বোর্ডের নির্ধারিত ওয়েবসাইট www.incometax.gov.bd ব্রাউজ করে প্রয়োজনীয় তথ্য প্রদান সাপেক্ষ Registration/Re-registration কার্যক্রম সম্পন্ন করতে হবে।

**‘e-TIN পদ্ধতি’** তে Registration/Re-registration সম্পন্ন করতে প্রত্যেক করদাতাকে প্রথমে তার ইউজার ID তৈরী করতে হবে। ইউজার ID তৈরী করার জন্য www.incometax.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে Register মেনুতে ক্লিক করতে হবে।




Register মেনুতে ক্লিক করার পর নীচের ফরমটি দৃশ্যমান হবে ঃ

## UserRegistrationForm:



- **User Id:** ইউজার যে নামে লগ ইন করতে চান তা এখানে টাইপ করবেন এবং তা অবশ্যই কমপক্ষে ৮ (আট) character হতে হবে।
- **Password:** এখানে গোপনীয় পাসওয়ার্ড টাইপ করতে হবে এবং তা অবশ্যই কমপক্ষে ৪ (চার) character হতে হবে।
- **Retype Password:** পুনরায় পাসওয়ার্ডটি টাইপ করতে হবে।
- **Security Question:** পাসওয়ার্ড ভুলে গেলে পুনরায় তা উদ্ধারের জন্য পছন্দের Security Question সিলেক্ট করতে হবে।
- **Security Answer:** এখানে Security Question এর সঠিক উত্তর টাইপ করতে হবে।
- **Country:** এখানে দেশের নাম সিলেক্ট করতে হবে (শুধুমাত্র বিদেশীদের জন্য)।
- **Mobile Number:** এখানে করদাতার সচল মোবাইল নম্বরটি প্রদান করতে হবে। উলেণ্টখ্য একটি মোবাইল নম্বর ব্যবহার করে শুধুমাত্র একটি ইউজার তৈরী করা যাবে।
- **Email Address:** করদাতা ইচ্ছা করলে তার E-mail Address প্রদান করতে পারবেন।
- **Verification Letters:** এই টেক্সটবক্সে টেক্সবক্সটির উপরে প্রদর্শিত character গুলো সঠিকভাবে টাইপ করতে হবে। বুঝতে সমস্যা হলে Try Again বাটনে ক্লিক করে পুনরায় প্রদর্শিত character গুলো টাইপ করতে হবে।

ফরমটির সকল তথ্য সঠিকভাবে পূরণপুর্বক **Register** বাটনে ক্লিক করলে



স্বয়ংক্রিয়ভাবে উপরের ফরমে প্রদত্ত মোবাইল নম্বরে SMSএর মাধ্যমে একটি কোড প্রেরিত হবে এবং স্ক্রিনে নিম্নের চিত্রের Mobile Activation ফরমটি প্রদর্শিত হবে। উপরে প্রদর্শিত ফরমের **e-TIN Activation Code** টেক্সট বক্সে ঝগঝ এর মাধ্যমে প্রাপ্ত একটিভেশন কোডটি টাইপ করে **Activate** বাটনে ক্লিক করলে ইউজার তৈরীর প্রক্রিয়াটি সম্পন্ন হবে এবং টিআইএন Registration/Re-registration এর জন্য সিস্টেমে সরাসরি লগইন হবে এবং স্ক্রিনে নিম্নের চিত্র প্রদর্শিত হবে। করদাতা ইচ্ছা করলে পরবর্তীতে যে কোন সময় User Id এবং Password প্রদানের মাধ্যমে সিস্টেমে লগইন করতে পারবেন।




## TIN Registration/Re-registration প্রক্রিয়াঃ

পুরোনো করদাতা অর্থাৎ যাদের ১০ (দশ) ডিজিটের টিআইএন আছে তাদের Re-registration প্রক্রিয়া সম্পন্ন করতে বা যারা নতুন করদাতা তাদের Registration প্রক্রিয়া সম্পন্ন করতে বাম পাশের মেনুতে TIN Application বাটনটি ক্লিক করলে এবং স্ক্রিনে নিম্নের ফরমটি প্রদর্শিত হবে।




উপরে প্রদর্শিত ফরমে নিম্নের তথ্য সমূহ সঠিকভাবে পূরণ করতে হবেঃ

- **Taxpayer Status/ করদাতার ধরণ (a)** ঃ এখানে প্রদত্ত option হতে *Individual->Bangladeshi Resident* সিলেক্ট করতে হবে। তবে যদি কোন করদাতা বিদেশী হন তবে তিনি অন্য অপশন সিলেক্ট করতে পারবেন।

**(b)** ঃ যে সকল করদাতার জাতীয় পরিচিতি নম্বর আছে তারা *Individual->Bangladeshi Resident->Major (With NID)* সিলেক্ট করবেন। তবে যদি কোন করদাতার জাতীয় পরিচিতি নম্বর না থাকে অথবা বিদেশী হন তবে তিনি অন্য অপশন সিলেক্ট করে টিআইএন গ্রহণ করতে পারবেন।

- **Registration Type/ রেজিস্ট্রেশনের ধরণঃ** পুরোনো করদাতাগণ *Re-registration* সিলেক্ট করবেন এবং নতুন করদাতাগণ *Registration* সিলেক্ট করবেন ।
- **Existing (10 digit) TIN / বর্তমান টিআইএনঃ** এখানে পুরোনো করদাতার ক্ষেত্রে ১০ ডিজিটের টিআইএন নম্বরটি টাইপ করতে হবে।

এ পর্যায়ে যদি পুরোনো করদাতাদের ক্ষেত্রে সিস্টেম হতে করদাতার অধিক্ষেত্র অনুযায়ী সার্কেল নির্দিষ্ট করা যায় তবে পরবর্তীতে প্রদর্শিত *General*

*Information* ফরমটি প্রদর্শিত হবে, অন্যথায় নতুন করদাতার ন্যায় অধিক্ষেত্র নির্বাচনের তথ্যের জন্য নিম্নের ফরমটি প্রদর্শিত হবে।




উপরে প্রদর্শিত ফরমে নিম্নের তথ্য সমূহ সঠিকভাবে পূরণ করতে হবেঃ

- **Main Source of income/ আয়ের প্রধান উৎস** ঃ এখানে করদাতার আয়ের প্রধান উৎস যেমন চাকুরী, পেশা, ব্যবসা অথবা অন্যান্য আয়ের উৎস সিলেক্ট করতে হবে।
- **Location of main source of income** ঃ এখানে যে জেলায় করদাতার মূল আয়ের উৎস যথাঃ চাকরী, ব্যবসা বা অন্যান্য আয় সম্পর্কিত কার্যাবলী পরিচালিত/উৎসায়িত হয় তা নির্বাচন করতে হবে। করদাতার আয়ের প্রধান উৎসের কার্যালয় যে জেলায় অবস্থিত তা নির্বাচন করতে হবে। যেমন যদি কোন করদাতার আয়ের প্রধান উৎস চাকুরী হয় তবে তার কর্মস্থল যে জেলায় অবস্থিত তা সিলেক্ট করতে হবে আর যদি করদাতার আয়ের প্রধান উৎস ব্যবসা হয় তবে তিনি তার ব্যবসা যে জেলায় অবস্থিত তা উলেণ্ঢখ করবেন।
- **Type of Employer/Service Location**ঃ এখানে করদাতার আয়ের প্রধান উৎস এর উপর ভিত্তি করে অপশন প্রদর্শিত হবে। যদি করদাতার আয়ের প্রধান উৎস Service হয় তবে তালিকা হতে প্রতিষ্ঠানের

ধরণ অথবা প্রতিষ্ঠানের নাম সিলেক্ট করতে হবে। পরবর্তীতে উপরের সিলেকশন এর উপর নির্ভর করে করদাতাকে প্রতিষ্ঠানের নাম টাইপ করতে হবে। যদি করদাতা পেশাজীবী (যেমন ডাক্তার, ইঞ্জিনিয়ার, আইনজীবী, চার্টার্ড একাউনটেন্ট, আইটিপি ইত্যাদি) হন তবে তিনি পেশা সিলেক্ট করবেন।

- **Business (Individual/Firm)ঃ** যদি করদাতার আয়ের প্রধান উৎস ব্যবসা হয় (ব্যক্তি মালিকানাধীন) তবে ব্যবসার ধরণ প্রদর্শিত তালিকা হতে সিলেক্ট করতে হবে। তবে যদি ব্যবসার ধরণ তালিকায় না থাকে তবে তাঁর এক্ষেত্রে Location সিলেক্ট করতে হবে এবং পরবর্তীতে ব্যবসার ঠিকানা প্রদত্ত তালিকা হতে সিলেক্ট করতে হবে।
- **Othersঃ** যদি করদাতার আয়ের প্রধান উৎস চাকুরী, ব্যবসা অথবা পেশা ব্যতীত হয় তবে তাঁর বর্তমান ঠিকানা অনুযায়ী Location সিলেক্ট করতে হবে।

**উপরের তথ্য সমূহ সঠিকভাবে পুরণ করে** Go to Next বাটনে ক্লিক করলে নিম্নের ফরমটি প্রদর্শিত হবে।




- Taxpayer's Name/করদাতার নাম: এখানে জাতীয় পরিচয়পত্র অনুযায়ী ইংরেজীতে নাম টাইপ করতে হবে।
- Gender/লিঙ্গ: এখানে করদাতা পুরুষ হলে Male এবং নারী হলে Female সিলেক্ট করতে হবে।
- Taxpayer's National ID Number/জাতীয় পরিচিতি নম্বরঃ এখানে করদাতার জাতীয় পরিচিতি নম্বর টাইপ করতে হবে।

- Date of Birth (DoB)/জন্মতারিখঃ জাতীয় পরিচয়পত্র অনুযায়ী জন্ম তারিখ বসাতে হবে।
- Father's Name/পিতার নাম: এখানে পিতার নাম ইংরেজিতে টাইপ করতে হবে।
- Mother's Name/মাতার নাম: এখানে ইংরেজীতে মায়ের নাম টাইপ করতে হবে।
- Name of Spouse/স্বামী বা স্ত্রীর নাম: এখানে ইংরেজীতে স্বামী বা স্ত্রীর নাম টাইপ করতে হবে।
- Mobile Number/মোবাইল নম্বর: এখানে মোবাইল নম্বর টাইপ করতে হবে।
- Facsimile/ফ্যাক্স: এখানে যদি করদাতার ফ্যাক্স নম্বর থাকে তবে তা টাইপ করতে হবে।
- Email/ইমেইল: এখানে করদাতার ইমেইল ঠিকানা যদি থাকে তবে তা টাইপ করতে হবে।
- Current Address: এখানে করদাতার বর্তমান ঠিকানা ইংরেজীতে টাইপ করতে হবে এবং প্রদত্ত তালিকা হতে District এবং Thana সিলেক্ট করতে হবে।
- Permanent Address: এখানে করদাতার স্থায়ী ঠিকানা ইংরেজীতে টাইপ করতে হবে এবং প্রদত্ত তালিকা হতে District এবং Thana সিলেক্ট করতে হবে।
- Other Address: এখানে করদাতার অন্যান্য ঠিকানা (যেমনঃ কর্মস্থল, ফ্যাক্টরী ইত্যাদি) ইংরেজীতে টাইপ করতে হবে (যদি থাকে) এবং প্রদত্ত তালিকা হতে District এবং Thana সিলেক্ট করতে হবে।

**উপরের তথ্য সমূহ সঠিকভাবে পুরণ করে** Go to Next বাটনে ক্লিক করলে নিম্নের ফরমটি প্রদর্শিত হবে।



## Final Preview

| | | | | | |
|---|---|---|---|---|---|
| Taxpayer's Name : | ahmed mehdi samdani | | | | |
| Old TIN (10 Digits): | 1941025458 | | | | |
| Taxes Zone : | Mymensingh | | Taxes Circle : | Circle-007 | |
| Status : | Individual -> Bangladeshi -> Major (with NID) | | Country / Nationality : | Bangladesh | |
| NID : | 19802650898508018 | DoB : | 25/10/1980 | Gender : | Male |
| Father's Name : | Enamuzzaman Chowdhury | | Mother's Name : | Zaheda Khatun | |
| Spouse's Name : | | | | | |
| Mobile Number : | | Facsimile : | | Email : | |
| Type | Address | Country | District/State | Thana | Post/Zip Code |
| Current Address | House-76, Road-6, Old DOHS Banani | Bangladesh | Dhaka | | |
| Permanent Address | House-76, Road-6, Old DOHS Banani | Bangladesh | Dhaka | | |

☐ I hereby affirm that all information given above is correct & complete.

<- Back to Previous | Submit Application

এখানে প্রদত্ত তথ্যসমূহ ঠিক আছে কিনা তা একবার যাচাই করে যদি কোন ভুল না থাকে তবে পুরোনো করদাতাদের ক্ষেত্রে *I hereby affirm that all information given above is correct & complete* এবং নতুন করদাতাদের ক্ষেত্রে *I hereby affirm that all information given above is correct & complete* এর বামপার্শ্বে প্রদর্শিত চেকবক্সে টিক চিহ্ন দিয়ে Submit Application বাটনে ক্লিক করতে হবে। তবে ভুল থাকলে Back to Previous বাটনে ক্লিক করতে হবে এবং তথ্য পুনরায় সঠিকভাবে টাইপ করে উপরে বর্ণিত প্রক্রিয়াটি সম্পন্ন করে Submit Application বাটনে ক্লিক করতে হবে।

এখানে প্রদত্ত তথ্যসমূহ ঠিক সঠিক থাকলে বাংলাদেশ নির্বাচন কমিশনের ডাটাবেজের সাথে তথ্য যাচাই করে টিআইএন নম্বরসহ নিম্নের তথ্য সমূহ স্ক্রিনে প্রদর্শিত হবে।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| Taxpayer's Name : | med Me i S nd i | | | | |
| TIN : | | | Issue Date : | 12/08/2013 | |
| Old TIN (10 Digits): | | | | | |
| Taxes Zone : | 08, Dhaka | | Taxes Circle : | Circle-163 | |
| Status : | Individual -> Bangladeshi -> Major (with NID) | | Country / Nationality : | Bangladesh | |
| NID : | 19 026 89 50 | DoB : | 25/10/1980 | Gender : | Male |
| Father's Name : | namuzzaman Chowdhury | | পিতার নাম : | | |
| Mother's Name : | Za eda Kh tun | | মাতার নাম : | | |
| Spouse's Name : | | | স্বামী বা স্ত্রীর নাম : | | |
| বর্তমান ঠিকানা : | বাসা/হোল্ডিং: , গ্রাম/রাস্তা:999 , ক ন্ট, ডাকঘর:ঢাকা ক্যান্টনমেন্ট-1206, ক টন ন্ট, ঢাকা | | স্থায়ী ঠিকানা : | বাসা/হোল্ডিং: , গ্রাম/রাস্তা:999, ডাকঘর:ঢাকা ক্যান্টনমেন্ট-1206, ক টন ন্ট, ঢাকা | |
| Mobile Number : | | Facsimile : | | Email : | |
| **Type** | **Address** | **Country** | **District/State** | **Thana** | **Post/Zip Code** |
| Current Address | House- , Road- , Old DOHS, Banani | Bangladesh | Dhaka | | |
| Permanent Address | House- , Road- , Old DOHS, Banani | Bangladesh | Dhaka | | |
| Photo |  | | | | |

View Certificate

এপর্যায়ে টিআইএন সার্টিফিকেট দেখার জন্য View Certificate বাটনে ক্লিক করতে হবে। View Certificate বাটনে ক্লিক করলে স্ক্রিনে টিআইএন সার্টিফিকেট প্রদর্শিত হবে।



Government of the People's Republic of Bangladesh

National Board of Revenue

Taxpayer's Identification Number (TIN) Certificate

TIN : 813  37  082

This is to Certify that Ahmed Mehdi Samdani is a Registered Taxpayer of National Board of Revenue under the jurisdiction of Taxes Circle-163 , Taxes Zone 08, Dhaka.

Taxpayer's Particulars :

1) Name : med M di Sa dani

2) Father's Name : B zzaman C owdhury

3) Mother's Name : A da K um

4) Current Address : House- Road Old DOHS, Banani, Gulshan, Dhaka

5) Previous TIN : 2 04 3

6) Status : Individual

Date : August 12, 2013

Please Note:

1. A Taxpayer is liable to file the Return of Income under section 75 of the Income Tax Ordinance, 1984.
2. Failure to file Return of Income under section 75 is liable to-

   (a) Penalty under section 124; and

   (b) Prosecution under section 164 of the Income Tax Ordinance, 1984.

Deputy Commissioner of Taxes
Taxes Circle-163
Taxes Zone 08, Dhaka
Address : 12/1, Al-Tarick Tower, Bijoynagar, Dhaka Phone : 9555235

N. B. This is a system generated certificate and requires no manual signature.

Print Certificate | Save Certificate | Email Certificate

এপর্যায়ে টিআইএন সার্টিফিকেট প্রিন্ট করার জন্য Print Certificate বাটনে ক্লিক করতে হবে। যদি কেউ নিজের কম্পিউটারে সেভ করতে চায় তাহলে Save Certificate বাটনে ক্লিক করলে কম্পিউটারে সেভ হবে।

যদি কেউ ইমেইল করতে চায় তাহলে Email Certificate বাটনে ক্লিক করলে স্ক্রিনে নতুন একটি উইন্ডো প্রদর্শিত হবে এবং সেখানে ইমেইল এড্রেস লিখতে হবে তারপর Send বাটনে ক্লিক করলে টিআইএন সার্টিফিকেট তাঁর ইমেইলে সেন্ড হবে।

বিস্তারিত জানতে ব্রাউজ করুনঃ www.incometax.gov.bd

# পরিশিষ্ট

# পরিশিষ্ট ‘ক’

আইটি-১১ গ

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ (১৯৮৪ এর ৩৬নং অধ্যাদেশ) এর

অধীন আয়কর রিটার্ন ফরম

**সম্মানিত করদাতা হোন**
**সময়মত রিটার্ন দিন**
**জরিমানা পরিহার করুন**

**ব্যক্তি শ্রেণী ও অন্যান্য করদাতার জন্য**
**(কোম্পানী ব্যতীত)**

**করদাতার ছবি**
**(ছবির উপর সত্যায়ন করুন)**

প্রযোজ্য ক্ষেত্রে টিক (√) চিহ্ন দিন

| স্বনির্ধারণী | সার্বজনীন স্বনির্ধারণী | সাধারণ |
|---|---|---|

১। করদাতার নামঃ ...........................................................................................

২। জাতীয় পরিচয় পত্র নম্বর (যদি থাকে)ঃ ............................................................

৩। ইউটিআইএন (যদি থাকে)ঃ

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | - | | | | - | | | | |

৪। টিআইএনঃ

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | - | | | | - | | | | |

৫। (ক) সার্কেলঃ (খ) কর অঞ্চলঃ

৬। কর বৎসরঃ ৭। আবাসিক মর্যাদাঃ নিবাসী ☐ / অনিবাসী ☐

৮। মর্যাদাঃ ব্যক্তি ☐ ফার্ম ☐ ব্যক্তি সংঘ ☐ হিন্দু অবিভক্ত পরিবার ☐

৯। ব্যবসা প্রতিষ্ঠান/নিয়োগকারীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে)ঃ

১০। স্ত্রী/স্বামীর নাম (করদাতা হলে টিআইএন উল্লেখ করুন)ঃ

১১। পিতার নামঃ

১২। মাতার নামঃ

১৩। জন্ম তারিখ (ব্যক্তির ক্ষেত্রে)ঃ

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| দিন | | মাস | | বৎসর | | | |

১৪। ঠিকানাঃ (ক) বর্তমানঃ

(খ) স্থায়ীঃ

১৫। টেলিফোনঃ অফিস/ব্যবসা ................................ আবাসিকঃ............................

১৬। ভ্যাট নিবন্ধন নম্বর (যদি থাকে)ঃ ..................................................................

<u>করদাতার আয় বিবরণী</u>

................. তারিখে সমাপ্ত আয় বৎসরের আয়ের বিবরণী

| ক্রমিক নং | আয়ের বিবরণী | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১। | বেতনাদি ঃ ধারা ২১ অনুযায়ী (তফসিল ১ অনুসারে) | |
| ২। | নিরাপত্তা জামানতের উপর সুদ ঃ ধারা ২২ অনুযায়ী | |
| ৩। | গৃহ সম্পত্তির আয় ঃ ধারা ২৪ অনুযায়ী (তফসিল ২ অনুসারে) | |
| ৪। | কৃষি আয় ঃ ধারা ২৬ অনুযায়ী | |
| ৫। | ব্যবসা বা পেশার আয় ঃ ধারা ২৮ অনুযায়ী | |
| ৬। | ফার্মের আয়ের অংশ ঃ | |
| ৭। | প্রযোজ্য ক্ষেত্রে স্বামী / স্ত্রী বা অপ্রাপ্ত বয়স্ক সন্তানের আয় ঃ ধারা ৪৩(৪) অনুযায়ী | |
| ৮। | মূলধনী লাভ ঃ ধারা ৩১ অনুযায়ী | |
| ৯। | অন্যান্য উৎস হতে আয় ঃ ধারা ৩৩ অনুযায়ী | |
| ১০। | মোট (ক্রমিক নং ১ হতে ৯) | |
| ১১। | বিদেশ থেকে আয়ঃ | |
| ১২। | মোট আয় (ক্রমিক নং ১০ এবং ১১) | |
| ১৩। | মোট আয়ের উপর আরোপযোগ্য আয়কর | |
| ১৪। | কর রেয়াতঃ ধারা ৪৪(২)(বি) অনুযায়ী (তফসিল ৩ অনুসারে) | |
| ১৫। | প্রদেয় কর (ক্রমিক নং ১৩ ও ১৪ এর পার্থক্য) | |
| ১৬। | পরিশোধিত করঃ<br>(ক) উৎস হতে কর্তিত/সংগৃহীত করঃ<br>(প্রামাণ্য দলিলপত্র/বিবরণী সংযুক্ত করুন) টাকা ..........<br>(খ) ধারা ৬৪/৬৮ অনুযায়ী প্রদত্ত অগ্রিম কর (চালান সংযুক্ত করুন) টাকা .........<br>(গ) এই রিটার্নের ভিত্তিতে প্রদত্ত কর (ধারা ৭৪) অনুযায়ী<br>(চালান/পে অর্ডার/ব্যাংক ড্রাফ্‌ট/চেক সংযুক্ত করুন) টাকা ..........<br>(ঘ) প্রত্যর্পণযোগ্য করের সমন্বয় (যদি থাকে) টাকা ..........<br>মোট [(ক), (খ), (গ) ও (ঘ) ] | টাকা ........ |
| ১৭। | ক্রমিক নং ১৫ ও ১৬ নং এর পার্থক্য (যদি থাকে) | টাকা ........ |
| ১৮। | কর অব্যাহতি প্রাপ্ত ও করমুক্ত আয়ের পরিমাণ | টাকা ........ |
| ১৯। | পূর্ববর্তী কর বৎসরে প্রদত্ত আয়কর | টাকা ........ |

* বিস্তারিত বিবরণাদির জন্য বা প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহার করুন।

<u>প্রতিপাদন</u>

আমি .................. পিতা/স্বামী .................. ইউটিআইএন/টিআইএনঃ .................... সজ্ঞানে ঘোষণা করছি যে, এ রিটার্ন এবং বিবরণী ও সংযুক্ত প্রমাণাদিতে প্রদত্ত তথ্য আমার বিশ্বাস ও জানামতে সঠিক ও সম্পূর্ণ।

স্থানঃ ..................................

তারিখঃ ..............................

স্বাক্ষর
(স্পষ্টাক্ষরে নাম)
পদবী ও
সীল মোহর (ব্যক্তি না হলে)

আয়ের বিস্তারিত বিবরণী সম্বলিত তফসিল

করদাতার নামঃ ..................   টিআইএনঃ

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | - | | | | - | | | | |

## তফসিল-১ (বেতনাদি)

| বেতন ও ভাতাদি | আয়ের পরিমাণ (টাকা) | অব্যাহতি প্রাপ্ত আয়ের পরিমাণ (টাকা) | নীট করযোগ্য আয় (টাকা) |
|---|---|---|---|
| মূল বেতন | | | |
| বিশেষ বেতন | | | |
| মহার্ঘ ভাতা | | | |
| যাতায়াত ভাতা | | | |
| বাড়ি ভাড়া ভাতা | | | |
| চিকিৎসা ভাতা | | | |
| পরিচারক ভাতা | | | |
| ছুটি ভাতা | | | |
| সম্মানী/পুরস্কার/ফি | | | |
| ওভার টাইম ভাতা | | | |
| বোনাস/এক্স-গ্রেসিয়া | | | |
| অন্যান্য ভাতা | | | |
| স্বীকৃত ভবিষ্য তহবিলে নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত চাঁদা | | | |
| স্বীকৃত ভবিষ্য তহবিলে অর্জিত সুদ | | | |
| যানবাহন সুবিধার জন্য বিবেচিত আয় | | | |
| বিনামূল্যে সজ্জিত বা অ-সজ্জিত বাসস্থানের জন্য বিবেচিত আয় | | | |
| অন্যান্য, যদি থাকে (বিবরণ দিন) | | | |
| বেতন হতে নীট করযোগ্য আয় | | | |

## তফসিল-২ (গৃহ সম্পত্তির আয়)

| গৃহ সম্পত্তির অবস্থান ও বর্ণনা | বিবরণ | টাকা | টাকা |
|---|---|---|---|
| | ১। ভাড়া বাবদ বার্ষিক আয় | | |
| | ২। দাবীকৃত ব্যয়সমূহ ঃ | | |
| | মেরামত, আদায়, ইত্যাদি | | |
| | পৌর কর অথবা স্থানীয় কর | | |
| | ভূমি রাজস্ব | | |
| | ঋণের উপর সুদ/বন্ধকী/মূলধনী চার্জ | | |
| | বীমা কিস্তি | | |
| | গৃহ সম্পত্তি খালি থাকার কারণে দাবিকৃত রেয়াত | | |
| | অন্যান্য, যদি থাকে | | |
| | মোট = | | |
| | ৩। নীট আয় (ক্রমিক নং ১ হতে ২ এর বিয়োগফল) | | |

## তফসিল-৩ (বিনিয়োগ জনিত কর রেয়াত)

আয়কর অধ্যাদেশের তফসিল-৬ এর বি অংশের সাথে পঠিতব্য ধারা ৪৪(২)(বি)

| | | |
|---|---|---|
| ১। জীবন বীমার প্রদত্ত কিস্তি | টাকা | ................ |
| ২। ভবিষ্যতে প্রাপ্য বার্ষিক ভাতা প্রাপ্তির উদ্দেশ্যে প্রদত্ত চাঁদা | টাকা | ................. |
| ৩। ভবিষ্য তহবিল আইন, ১৯২৫ অনুযায়ী প্রযোজ্য ভবিষ্য তহবিলে প্রদত্ত চাঁদা | টাকা | ................ |
| ৪। স্বীকৃত ভবিষ্য তহবিলে স্বীয় ও নিয়োগকর্তা কর্তৃক প্রদত্ত চাঁদা | টাকা | ................ |
| ৫। অনুমোদিত বয়সজনিত তহবিলে প্রদত্ত চাঁদা | টাকা | ................. |
| ৬। অনুমোদিত ঋণপত্র বা ডিবেঞ্চার স্টক, স্টক বা শেয়ার এ বিনিয়োগ | টাকা | ................ |
| ৭। ডিপোজিট পেনশন স্কীমে প্রদত্ত চাঁদা | টাকা | ................. |
| ৮। কল্যাণ তহবিলে প্রদত্ত চাঁদা এবং গোষ্ঠী বীমা স্কীমের অধীন প্রদত্ত কিস্তি | টাকা | ................ |
| ৯। যাকাত তহবিলে প্রদত্ত চাঁদা | টাকা | ................. |
| ১০। অন্যান্য, যদি থাকে (বিবরণ দিন) | টাকা | ................ |
| মোট = | টাকা | ................ |

** অনুগ্রহ করে বিনিয়োগসমূহের প্রত্যয়নপত্র/প্রমাণপত্র সংযুক্ত করুণ।*

## আয়কর রিটার্নের সাথে দাখিলকৃত দলিলপত্রাদির তালিকা

| | |
|---|---|
| ১। | ৬। |
| ২। | ৭। |
| ৩। | ৮। |
| ৪। | ৯। |
| ৫। | ১০। |

*অসম্পূর্ণ রিটার্ণ গ্রহণযোগ্য হবে না।*

পরিসম্পদ, দায় ও ব্যয় বিবরণী (.......................... তারিখে)

করদাতার নামঃ .................. টিআইএনঃ | | | | - | | | | - | | | | |

১। (ক) ব্যবসার পুঁজি (মূলধনের জের) টাকা ....................
(খ) পরিচালক হিসাবে লিমিটেড কোম্পানীতে শেয়ার বিনিয়োগ (ক্রয়মূল্য)টাকা ....................
<u>কোম্পানীর নাম</u> <u>শেয়ারের সংখ্যা</u>

২। অ-কৃষি সম্পত্তি (আইন সম্মত ব্যয়সহ ক্রয়মূল্য) ঃ টাকা .......................
জমি/গৃহ সম্পত্তি (সম্পত্তির বিবরণ ও অবস্থান)

৩। কৃষি সম্পত্তি (আইন সম্মত ব্যয়সহ ক্রয়মূল্য) ঃ টাকা ......................
জমি (মোট জমির পরিমাণ ও জমির অবস্থান)

৪। বিনিয়োগঃ
(ক) শেয়ার/ডিবেঞ্চার টাকা .................
